



টাইমলাইন রিপোর্ট

(১ লা থেকে ১০ই আগস্ট ২০২৪)



সূচীপত্র

পৃষ্ঠা

০২	দেশের বিভিন্ন স্থানে পুলিশ হত্যা
০৫	আওয়ামী লীগ নেতাকর্মী হত্যা
০৮	সাংবাদিক হত্যা
০৮	সংখ্যালঘুদের উপর নির্যাতন
১৭	দেশের বিভিন্ন থানায় হামলা
২৬	স্থাপত্য ও সরকারি ভবনে হামলা
২৭	গণমাধ্যমের অফিসে হামলা
২৮	বাণিজ্যিক ভবন ও ব্যবসা প্রতিষ্ঠানে
২৯	বিভিন্ন জায়গায় আওয়ামী লীগ অফিস ও নেতাকর্মীদের বাড়িতে হামলা ও আগুনহামলা-ভাঙচুর

দেশের বিভিন্ন স্থানে পুলিশ হত্যা

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
১	<p>আত্মসমর্পণ করতে চেয়েও বাঁচতে পারেননি এনায়েতপুর থানার ১৪ পুলিশ, খুঁজে খুঁজে পিটিয়ে হত্যা</p> <p>সিরাজগঞ্জের এনায়েতপুর থানায় জঙ্গি কায়দায় ১৩ পুলিশ সদস্যকে হত্যার পর একটি লাশের গলায় দড়ি দিয়ে গাছে ঝুলিয়ে রাখা হয়।</p>	০৪ আগস্ট, ২০২৪ রাত ৯:০০	Sheikh Mohammad Jashim	
২	<p>কুমিল্লায় পুলিশ সদস্যকে পিটিয়ে হত্যা</p> <p>ইলিয়টগঞ্জ হাইওয়ে পুলিশ ফাঁড়ির এক পুলিশ সদস্যকে পিটিয়ে হত্যা করা হয়েছে। তিনি ওই ফাঁড়িতে কনস্টেবল পদে কর্মরত ছিলেন। নিহত পুলিশ কনস্টেবলের নাম মো. এরশাদ আলী।</p>	০৪ আগস্ট, ২০২৪ রাত ৭:৩০	Banglanews24	
৩	<p>চাঁদপুরে পিটুনিতে পুলিশ কর্মকর্তা নিহত</p> <p>শেখ হাসিনার পদত্যাগের খবর পাওয়ার পর থেকেই চাঁদপুরের ৮ উপজেলায় উল্লাসে নেমে সর্বস্তরের ছাত্র-জনতা। এই সময়ে কচুয়া থানার উপ-পরিদর্শক (এসআই) মামুনুর রশিদ গণপিটুনিতে মারা যায়।</p>	০৫ আগস্ট, ২০২৪ সন্ধ্যা ৬:৩০	Banglanews24	
৪	<p>কুমিল্লায় ২ পুলিশকে পিটিয়ে হত্যা, গুলিতে তরুণের মৃত্যু বিক্ষুব্ধ জনতার পিটুনিতে কুমিল্লার তিতাস থানা পুলিশের দুই সদস্যের প্রাণ গেছে। এছাড়া গুলিতে আরও এক তরুণের মৃত্যু হয়েছে বলে জানা গেছে।</p> <p>সোমবার গভীর রাতে তিতাস থানা এবং দাউদকান্দি মডেল থানার সামনে এসব</p>	০৫ আগস্ট, ২০২৪ রাত ১০:৩০	বিডি নিউজ ২৪	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৫	যাত্রাবাড়ী থানা পুলিশকে পিটিয়ে হত্যা।	০৫ আগস্ট, ২০২৪ বিকাল ৬:৩০	Lamim Mustakim	
৬	রংপুরে পুলিশকে হত্যা করে ঝুলিয়ে রাখা	০৬ আগস্ট, ২০২৪ রাত ০৮:৪৩	Mubarok Hossen	
৭	সোনাইমুড়ীতে ৩ পুলিশকে জবাই করে হত্যা নোয়াখালীর সোনাইমুড়ী ও চাটখিল থানায় হামলা ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। এ সময় সোনাইমুড়ী থানা পুলিশ হামলাকারীদের ওপর গুলি ছুড়লে সংঘর্ষ আরও তীব্র হয়। এতে সোনাইমুড়ী থানার চার পুলিশসহ সাতজন নিহত হয়েছেন।	০৬ আগস্ট, ২০২৪ রাত ০২:০৯	নোয়াখালী খবর ২৪	
৮	তিতাস থানার দুই পুলিশ সদস্যকে সাধারণ মানুষ হত্যা করে কিভাবে রাস্তায় ফেলে রেখেছে	০৬ আগস্ট, ২০২৪ সকাল ০৯:৫৪	Fbnews24. com	
৯	হবিগঞ্জে পুলিশকে হত্যার পর গাছে ঝুলিয়ে রাখে	০৬ আগস্ট, ২০২৪ বিকাল ০৫:০৪	Youth Bangla24. new	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
১০	কুমিল্লায় ২ পুলিশ সদস্যকে পিটিয়ে হত্যা	০৬ আগস্ট, ২০২৪ রাত ১২:৫৪	Dhaka Mail	
১১	গুলির পর পুলিশ কর্মকর্তাকে ছিনিয়ে নিয়ে হত্যা করেন স্থানীয় লোকজন সোমবার দিবাগত রাত দুইটায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কাছ থেকে এক পুলিশ কর্মকর্তাকে ছিনিয়ে নিয়ে পিটিয়ে হত্যার পর লাশ থানার সামনে গাছে ঝুলিয়ে রাখা হয়। আজ মঙ্গলবার দুপুরে সেনাবাহিনী ঘটনাস্থলে গিয়ে লাশটি উদ্ধার করে।	০৬ আগস্ট, ২০২৪ রাত ২:০০	Prothom alo	
১২	পুলিশ সদস্যকে পিটিয়ে, কুপিয়ে হত্যা করে ঝুলিয়ে রাখা হয়েছে	০৮ আগস্ট, ২০২৪ রাত ১২:১৯	MD Sifat	
১৩	পুলিশ মেরে ঝুলিয়ে রাখা	০৮ আগস্ট, ২০২৪ সন্ধ্যা ৭:৪১	Shah Jubaer	
১৪	খুলনায় এক পুলিশ কনস্টেবলকে পিটিয়ে হত্যা	০৯ আগস্ট, ২০২৪ দুপুর ১২:১৯	আজব দুনিয়া	



আওয়ামী লীগ নেতাকর্মী হত্যা

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
১	গাজীপুর সিটি কর্পোরেশনের সাবেক মেয়র জাহাঙ্গীর আলম এর পিএস জুয়েল মোল্লাকে হত্যা করে উল্টো করে লাশ গাছের সাথে বুলিয়ে রেখেছে হায়েনারদল ১৯-৭-২৪ইং	২৫ জুলাই, ২০২৪ রাত ০৯:০০	Abdul Aziz Sumon	
২	মোহাম্মদপুরে আওয়ামী লীগ নেতাকে কুপিয়ে হত্যা রাজধানীর মোহাম্মদপুরের কাটাসুর এলাকায় গতকাল সোমবার রাতে কামাল আহমেদ (৩৮) নামের আওয়ামী লীগের এক নেতাকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা।	২৯ জুলাই, ২০২৪ রাত ১০:০০	প্রথম আলো	
৩	রায়গঞ্জে আওয়ামী লীগের ছয় জনকে হত্যা সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলা আওয়ামী লীগের কার্যালয়ে একটি মতবিনিময় সভা চলাকালে আওয়ামী লীগের কার্যালয়ে ঢুকে হামলা করে আরও ছয় জনকে হত্যার ঘটনা ঘটেছে।	০৪ আগস্ট, ২০২৪ রাত ০৯:৪১	BD NEWS 24	
৪	রাস্তায় ৭ ঘণ্টা পড়েছিল কাউন্সিলর হারাধনের লাশ রংপুরে ছাত্র আন্দোলনকারীদের সঙ্গে সংঘর্ষে আওয়ামী লীগ নেতা ও সিটি কর্পোরেশনের ৪ নম্বর ওয়ার্ড কাউন্সিলর হারাধন রায় হারা এবং তার গাড়িচালক কমল নিহত হন।	০৪ আগস্ট, ২০২৪ রাত ০৯:৪১	Ittefaq	



ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৫	<p>বরিশালে সংঘর্ষ চলাকালে আওয়ামী লীগ নেতাকে কুপিয়ে হত্যা</p> <p>বরিশালে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের বিশ্লেষকারীদের সঙ্গে সংঘর্ষে আওয়ামী লীগের এক নেতা নিহত হয়েছেন। তাঁর নাম টুটুল চৌধুরী (৬০) তিনি বরিশাল মহানগরীর ১২ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সভাপতি।</p>	০৪ আগস্ট, ২০২৪ বিকাল ০৩:৪১	Prothom alo	
৬	<p>নরসিংদীতে আ.লীগের ৬ নেতা-কর্মী পিটিয়ে 'হত্যা'</p> <p>নরসিংদী সদর উপজেলার মাধবদী পৌর এলাকায় আন্দোলনকারীদের মিছিলে গুলি চালানোয় ক্ষুব্ধ হয়ে আওয়ামী লীগের ছয় নেতা-কর্মী পিটিয়ে 'হত্যার' ঘটনা ঘটেছে।</p>	০৪ আগস্ট, ২০২৪ দুপুর ১২:০০	Samakal	
৭	<p>চাঁদপুরে সেলিম চেয়ারম্যান ও তার ছেলে শান্ত খানকে পিটিয়ে হত্যা</p>	০৫ আগস্ট, ২০২৪ রাত ১১:২৫	Jamunatv	
৮	<p>সাতক্ষীরায় আওয়ামী লীগ নেতার ৫ স্বজন নিহত</p> <p>প্রধানমন্ত্রীর পদ থেকে শেখ হাসিনার পদত্যাগ ও দেশত্যাগের খবরে সাতক্ষীরায় হামলা ও সহিংসতায় ১৪ জন নিহত হয়েছেন। নিহত ব্যক্তিদের মধ্যে বিএনপির দুজন আছেন। বাকিদের অধিকাংশই আওয়ামী লীগের নেতা-কর্মী।</p>	০৬ আগস্ট, ২০২৪ রাত ০৫:৪৭	Prothom alo	
৯	<p>পাঁচগাঁও ইউনিয়নের চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা নিহত</p>	০৯ আগস্ট, ২০২৪ বিকাল ০৫:২৫	Sobuj Ahmed	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
১০	<p>আওয়ামী লীগ কর্মীকে বাড়ির সামনে থেকে তুলে নিয়ে গলা কেটে হত্যা বণ্ডুয়ায় আওয়ামী লীগের এক সক্রিয় কর্মী ও ব্যবসায়ীকে বাড়ির সামনে থেকে তুলে নিয়ে গলা কেটে হত্যা করা হয়েছে।</p> <p>সোমবার (১২ আগস্ট) মধ্যরাতে শহরের ফুলবাড়ি বান্দিমেলা সেতুর ওপর এ ঘটনা ঘটে।</p>	১২ আগস্ট ২০২৪, রাত ০২:০০	ঢাকা ট্রিবিউন	
১১	<p>বণ্ডুয়ায় বাসার সামনে থেকে তুলে নিয়ে বাবর আলী (৫০) নামের আওয়ামী লীগের এক কর্মীকে গলা কেটে হত্যা করা হয়েছে। আজ মঙ্গলবার সকাল ৯টার দিকে বারুণী সেতুর ওপর থেকে তাঁর লাশ উদ্ধার করে শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠায় ফুলবাড়ি ফাঁড়ির পুলিশ।</p>	১৩ আগস্ট ২০২৪, রাত ০৯:০০	প্রথম আলো	
১২	<p>বাড়ি ফেরার পথে আ.লীগ নেতাকে কুপিয়ে হত্যা সিলেটের বিশ্বনাথে মনিরুজ্জামান লিলু নামে এক আওয়ামী লীগ নেতাকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। বুধবার (১৪ আগস্ট) রাত ৯টায় এশার নামাজ পড়ে রামপাশা ইউনিয়নের বৈরাগী বাজার থেকে বাড়ি যাওয়ার পথে এ ঘটনা ঘটে।</p>	১৪ আগস্ট ২০২৪, রাত ০৯:০০	কালবেলা	

সাংবাদিক হত্যা

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
১	সংবাদ সংগ্রহে গিয়ে এক সাংবাদিক নিহত, আহত অনেক কোটা আন্দোলনকারীদের সরকার পতনের 'এক দফা' কর্মসূচি চলাকালে সংবাদ সংগ্রহ করতে যাওয়া সিরাজগঞ্জে দৈনিক খবরপত্র পত্রিকার রায়গঞ্জ প্রতিনিধি প্রদীপ কুমার ভৌমিককে পিটিয়ে হত্যা করা হয়েছে।	০৫ আগস্ট, ২০২৪ দুপুর ১২:০০	BD News24	
২	মোঃ আতিকুর রহমান, দ্য বিজনেস পোস্ট এর সাংবাদিক	০৫ আগস্ট, ২০২৪ দুপুর ২:০০	আমাদের সময়	

সংখ্যালঘুদের উপর নির্যাতন

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
১	পিরোজপুরে হিন্দুদের যৌন নির্যাতন ও হামলা পিরোজপুরে ৫০জন ডাকাত মিলে "হিন্দু মেয়েদের যৌন নির্যাতন, বাড়িঘরে হামলা, লুটপাট"	০৪ আগস্ট, ২০২৪ সন্ধ্যা ০৬:৩৬	Apurba Nath	 <small>2 comments · 11 shares</small>
২	নোয়াখালীতে বাংলাদেশী হিন্দুদের উপর হামলা, গণহত্যা, নারীদের গণধর্ষণ করা হচ্ছে। বাংলাদেশের হিন্দুদের রক্ষা করবে কে?	০৪ আগস্ট, ২০২৪ দুপুর ০২:৪৭	Shibangi Sarkar	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৩	চট্টগ্রাম আমাদের বিল্ডিং এ অলরেডি হামলা শুরু হয়ে গেছে.... হ্যা এটাই স্বাধীন বাংলাদেশ	৪ আগস্ট ২০২৪, বিকেল ০৪:৫৫	Monisa Dutta	
৪	সাতক্ষীরায় গৃহবধূকে ধর্ষণের অভিযোগ সাতক্ষীরার তালায় হিন্দু সম্প্রদায়ের এক গৃহবধূকে (৩৫) ধর্ষণের অভিযোগ উঠেছে। গত ৫ আগস্ট রাতে এ ঘটনা ঘটে। ওই নারী বর্তমানে বাড়িতেই আছেন।	৫ আগস্ট ২০২৪, রাতে ১০:০০	কালবেলা	
৫	যশোর যশোরে অর্ধশত হিন্দু বাড়িতে হামলা, ভাঙচুর, অগ্নিসংযোগ, লুটপাট ও ডাকাতির ঘটনা ঘটেছে। গতকাল বিকেল থেকে আজ সকাল পর্যন্ত এসব ঘটনা ঘটে। ভয়ে অনেকেই বাড়ি ছেড়ে অন্যত্র চলে গেছেন।	৫ আগস্ট ২০২৪, রাতে ১০:০০	প্রথম আলো	
৬	নোয়াখালীর হাতিয়া উপজেলায় কয়েকটি স্থানে সংখ্যালঘু সম্প্রদায়ের তিনটি বাড়িতে ও চারটি ব্যবসাপ্রতিষ্ঠানে হামলা, ভাঙচুর ও লুটপাটের অভিযোগ পাওয়া গেছে। এর মধ্যে উপজেলার সোনাদিয়ায় উপজেলা হিন্দু পরিষদের সভাপতি সহদেব সাহার বাড়িতে হামলা-ভাঙচুরের পাশাপাশি নারীদের মারধরের অভিযোগ পাওয়া গেছে।	৫ আগস্ট ২০২৪, সন্ধ্যা ০৬:৩০	প্রথম আলো	
৭	মেহেরপুরে এক আওয়ামী লীগ নেতার বাড়িসহ হিন্দুদের ৯টি বাড়িতে হামলার ঘটনা ঘটেছে। গতকাল সোমবার দুপুর থেকে এসব ঘটনা ঘটে।	৫ আগস্ট ২০২৪, সন্ধ্যা ০৭:৩০	প্রথম আলো	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৮	দিনাজপুরের বোচাগঞ্জ উপজেলার ঈশানিয়া ইউনিয়নের চৌরঙ্গী বাজারে সংখ্যালঘুদের অন্তত ৪০টি দোকানপাটে ভাঙচুর ও লুটপাট করা হয়েছে। গতকাল সোমবার বিকেলে অন্তত ১০০ জন দলবদ্ধ হয়ে বাজারে ঢুকে অতর্কিত হামলা চালিয়েছেন। পরে বাজারসংলগ্ন সহসপুর গ্রামের দিকে অগ্রসর হলে সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ তাদের বাধা দেন। পরে বাড়ি ছাড়ার হুমকি দিয়ে তারা চলে যান।	৫ আগস্ট ২০২৪, সন্ধ্যা ০৫:০০	প্রথম আলো	
৯	কুমিল্লা ইলিয়টগঞ্জ রামপুরের গৌর-নিতাই মন্দির সহ দুইটি সনাতনী বাড়িতে অতর্কিত হামলা	৫ আগস্ট ২০২৪, বিকেল ০৬:০৮	Probir Chandra Paul	
১০	রাস্তায় ৭ ঘণ্টা পড়েছিল কাউন্সিলর হারাদনের লাশ রংপুরে ছাত্র আন্দোলনকারীদের সঙ্গে সংঘর্ষে আওয়ামী লীগ নেতা ও সিটি করপোরেশনের ৪ নম্বর ওয়ার্ড কাউন্সিলর হারাদন রায় হারা এবং তার গাড়িচালক কমল নিহত হন। এরপর তাদের লাশ সিটি বাজারের সামনে রাস্তার ওপর পড়ে ছিল প্রায় সাত ঘণ্টা।	০৫ আগস্ট ২০২৪, রাত ১০:০৪	ইত্তেফাক	
১১	বগুড়া পীরগাছায় হিন্দু পরিবারের উপর হামলা।ও প্রতিমা ভাঙচুর।	০৫ আগস্ট, ২০২৪ বিকেল ০৫:১৯	কৃষ্ণ সারথী ফোরাম	
১২	রাজশাহী, সোনার বাংলায় স্বাধীনতা?	০৫ আগস্ট, ২০২৪ বিকেল ০৫:১৯	Tirtho Kumar Das	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
১৩	ম্যানেজার স্টলে আগুন লাগানোর পর সেই আগুন শ্রীশ্রী নূতন কালীবাড়ি, মৌলভীবাজারের রাধাকৃষ্ণের মন্দিরেও চলে যায়।	০৫ আগস্ট, ২০২৪ সন্ধ্যা ০৬:১৮	Nipabithi Toa	
১৪	৫/৮/২০২৪ সালের স্বাধীনতা উপহার এই স্বাধীনতার হাত থেকে আমার বাড়িও রক্ষা পায়নি, কালকের খাবারের জন্যও কিছু রেখে গেলো নাহ্ এই স্বাধীনতা	০৫ আগস্ট, ২০২৪ রাত ১১:৪৬	Biswajit Mandal	
১৫	ঠাকুরগাঁও, পতনডোবা, হরিপুর ৫ই আগস্ট সোমবার বিকাল ৪টা২০মিনিটে আমাদের বাসায় লুটপাট ও ভাঙচুর এর দৃশ্য। লুটপাট এবং ভাঙচুর এর জিনিসের মূল্য প্রায় ষাট লক্ষাধিক টাকা!	৫ আগস্ট, ২০২৪ বিকাল ০৪:২০	Jagodish Bhowmik	
১৬	বরিশালে হিন্দু বাড়িতে হামলা	০৫ আগস্ট ২০২৪, সন্ধ্যা ০৭: ১৬	সৎ-অশ্বেষণা/ Sat-anwe-shana	
১৭	লালপুরে মন্দির ও ছয় বাড়িতে হামলা, ভাঙচুর-লুটপাট নাটোরের লালপুরে পূজা উদ্যাপন পরিষদের সভাপতির বাড়িসহ ছয়টি বাড়ি ও একটি মন্দিরে ভাঙচুর ও লুটপাট করা হয়েছে। গতকাল সোমবার সন্ধ্যা ও রাতে এসব ঘটনা ঘটে।	০৬ আগস্ট ২০২৪, ১২: ৩৪	প্রথম আলো	


ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
১৮	<p>বাগেরহাটে ঘরে ঢুকে স্কুলশিক্ষককে কুপিয়ে হত্যা</p> <p>বাগেরহাটে ঘরে ঢুকে এক প্রাক্তন স্কুলশিক্ষককে পিটিয়ে ও কুপিয়ে হত্যার ঘটনা ঘটেছে। এ সময় গুরুতর আহত হয়েছে ওই শিক্ষকের স্ত্রী ও মেয়ে। গতকাল সোমবার দিনগত রাতে বাগেরহাট সদর উপজেলার রাখালগাছি ইউনিয়নের ছোট পাইকপাড়া গ্রামে এ ঘটনা ঘটে।</p>	০৬ আগস্ট, ২০২৪ সন্ধ্যা ০৭:৪১	ইন্ডিপেন্ডেন্ট	
১৯	<p>পিরোজপুর মঠবাড়িয়ায় হিন্দুদের উপর হামলা</p>	০৬ আগস্ট, ২০২৪ দুপুর ০৩:৪১	Save Bangladesh Hindus	
২০	<p>হবিগঞ্জ ঘটে যাওয়া</p>	০৬ আগস্ট, ২০২৪ সকাল ০৯:০০	Save Bangladeshi Minorities	
২১	<p>দিনাজপুরে হিন্দুদের ৪০ দোকানপাটে ভাঙচুর-লুটপাট</p> <p>দিনাজপুরের বোচাগঞ্জ উপজেলার ঈশানিয়া ইউনিয়নের চৌরঙ্গী বাজারে সংখ্যালঘুদের অন্তত ৪০টি দোকানপাটে ভাঙচুর ও লুটপাট করা হয়েছে। গতকাল সোমবার বিকেলে অন্তত ১০০ জন দলবদ্ধ হয়ে বাজারে ঢুকে অতর্কিত হামলা চালিয়েছেন। পরে বাজারসংলগ্ন সহসপুর গ্রামের দিকে অগ্রসর হলে সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ তাঁদের বাধা দেন।</p>	০৬ আগস্ট ২০২৪, বিকেল ০৫:৫৮	প্রথম আলো	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
২২	সিলেট শেখ ঘাট	০৬ আগস্ট ২০২৪, বিকেল ০৫:৩০	Bonasree Dey	
২৩	মেহেরপুরে ৯টি হিন্দু বাড়িতে হামলা মেহেরপুরে এক আওয়ামী লীগ নেতার বাড়িসহ হিন্দুদের ৯টি বাড়িতে হামলার ঘটনা ঘটেছে। গতকাল সোমবার দুপুর থেকে এসব ঘটনা ঘটে।	০৬ আগস্ট ২০২৪, দুপুর ০৩: ১৬	প্রথম আলো	
২৪	লক্ষ্মীপুরে হিন্দু দোকানদার রাজন চন্দ্রের দোকান পুড়ে ছাই হয়ে গেছে। রাজন চন্দ্র ও তার পরিবার যন্ত্রণায় কান্নাকাটি করছে এবং তাদের জীবিকার একমাত্র উৎস হল তাদের দোকান যা পুড়ে যাচ্ছে।	০৭ আগস্ট ২০২৪, দুপুর ০৭: ৪২	ত্রিপুরা হিন্দু সৈনিক	
২৫	দুই দিনে দেশে শতাধিক সাম্প্রদায়িক হামলা সারা দেশে দুই দিনে শতাধিক সাম্প্রদায়িক সন্ত্রাসের ঘটনা ঘটেছে। আক্রান্ত প্রায় সব জেলা। এর মধ্যে হবিগঞ্জ ও বাগেরহাটে হামলায় নিহত হয়েছেন দুজন।	০৭ আগস্ট ২০২৪, দুপুর ০৩:৩৩	কালবেলা	
২৬	ব্রাহ্মণবাড়িয়ার ঘটনা হিন্দুদের উপর অত্যাচার এটা ক্রমশই বাড়তেছে।	০৭ আগস্ট ২০২৪, রাত ০৭:৩০	মহা মায়া	


ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
২৭	গতকাল রাতে বরিশাল বাকেরগঞ্জে হিন্দু বাড়িতে হামলা লুটপাট	০৭ আগস্ট ২০২৪, রাত ১১:৩০	Tithi Roy	
২৮	সিলেটের হিন্দু বাড়িতে বর্বরোচিত হামলা "বাড়ি ও মন্দির জ্বালিয়ে দিয়ে লুটপাট	০৭ আগস্ট ২০২৪, রাত ০৯:৪৭	Kripa Bhattacharya	
২৯	লক্ষ্মীপুর মজু চৌধুরীর হাটে হিন্দুদের দোকান ভাঙচুর, অগ্নি সংযোগ ও লুটপাট চলছে	০৮ আগস্ট ২০২৪, রাত ০৮:৪০	Sandha Rahi	
৩০	রামকলা বৈরাগী পাড়ায় মন্দিরে আগুন	০৮ আগস্ট ২০২৪, রাত ০৯:৫১	Sonatoni media TV 6	
৩১	যশোর জেলার মনিরামপুর উপজেলার ধর্মীয় সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের বাড়িতে হামলা, ভাঙচুর ও লুটপাট করেছে দুর্বৃত্তরা	০৮ আগস্ট ২০২৪, রাত ০৮:০২	Goutam Halder Pranto	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৩২	<p>হিন্দু বাড়িতে হামলা</p> <p>স্থান: সাতক্ষীরা পাইকগাছা</p> <p>দাড়ি ও টুপি পড়া ৫/৬ জন মাদ্রাসার ছাত্র একটা হিন্দু বাড়ি ও মন্দির পাহারার দায়িত্ব নেয়।</p> <p>তারপরে রাতে মা বোনেরা ঘুমিয়ে গেলে মাঝরাতে ওই ৫-৬ জন ওই বাড়ির মেয়েটাকে ধর্ষণ করে মেয়েটা চিৎলালে তাকে আঘাত করে তারপরে ধর্ষণ করে ফেলে চলে যায়। পরে এলাকাবাসী উদ্ধার করে। পরে যানা যায় তাদের মূল টার্গেট ছিলো এই বাড়ির সুন্দরী কলেজ পড়ুয়া মেয়েকে ধর্ষণ করা।</p>	০৮ আগস্ট ২০২৪, রাত ০৮:০২	সনাতনী বন্ধুদের আড্ডাখানা	
৩৩	<p>পটুয়াখালীতে হিন্দু বাড়িতে দুর্ধর্ষ ডাকাতি, রাতারাতি দেশ ত্যাগ ও মেরে ফেলার হুমকি দিলেন রিয়াজ</p>	০৯ আগস্ট ২০২৪, রাত ১২:০২	Rony Dash	
৩৪	<p>প্রতিবন্ধী হিন্দু মেয়েটা কোনভাবে রক্ষা পেয়েছে...!!! ঘটনাস্থলঃ নড়াইল জেলাধীন একটি হিন্দু বাড়িতে এই হামলার ঘটনা ঘটেছে</p>	০৯ আগস্ট ২০২৪, সকাল ১১:৪৬	Goutam Halder Pranto	
৩৫	<p>বগুড়ার সারিয়াকান্দি সাহাপাড়া হিন্দু বাড়িতে দুষ্কৃতীদের হামলার চেষ্টা</p>	১০ আগস্ট ২০২৪, রাত ০৯:২১	সারিয়াকান্দি সংবাদ	
৩৬	<p>চট্টগ্রাম হাটাজারী উপজেলায় হিন্দু বাড়িতে ডাকাতি বিবাহযোগ্য কন্যার স্বর্ণালংকার ও বিয়ের ক্লাবভাড়া ডাকাতি করে নিয়ে গেছে</p>	১১ আগস্ট ২০২৪, দুপুর ১২:০০	Rajan Dey Raj	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৩৭	হিন্দুদের উপর নির্যাতনের প্রতিবাদে লালমনিরহাটে আন্দোলনরত হিন্দুদের উপর হামলা করা হয়েছে। লালমনিরহাট আইডিয়াল ক্লিনিকে সামনে মানববন্ধনে ক্লিনিকের ছাদ থেকে ইট-পাথর মেরে এই হামলা করা হয়। এতে কয়েকজন আহত হয়েছে।	১১ আগস্ট ২০২৪, দুপুর ০৩:৩৩	Mohon Sarker	
৩৮	নেত্রকোনা সদর উপজেলার ঠাকুরাকোনা ইউনিয়নের বেতাটি গ্রামের সোয়ারী কান্দার হেমচন্দ্র সাহা রায় চৌধুরীএর বাড়িতে দুর্বৃত্তরা আগুন দিয়ে একটি গুদামঘর পুড়িয়ে দিয়েছে। এতে প্রায় ২০ লক্ষ টাকার মতো ক্ষয়ক্ষতি হয়েছে।	১২ আগস্ট ২০২৪, দুপুর ০২:৫৪	sknews24.live	
৩৯	পঞ্চগড় বোদা মাঝে ময়দানদিঘির পশ্চিম পাশে কাদেরপুর গ্রামে একটু আগে চার হিন্দু বাড়িতে আগুন দিয়েছে। আজকে সন্ধ্যা সাতটায় এই ঘটনা।	১২ আগস্ট ২০২৪, রাত ১২:৩৩	Kabir Chowdhury Tanmoy	
৪০	ঠাকুরগাঁও ফাড়াবাড়ী মন্দির পাড়ায় দুর্বৃত্তরা আগুন দিয়েছে	১৩ আগস্ট ২০২৪, রাত ০৭:৩০	Shanto Roy	
৪১	রাজশাহীতে ঋত্বিক ঘটকের পৈতৃক বাড়ি-ভিটা গুঁড়িয়ে দেওয়া হয়েছে। রাজশাহীতে বিশ্ববরেণ্য চলচ্চিত্রকার ঋত্বিক কুমার ঘটকের পৈতৃক বাড়িটি ভেঙে গুঁড়িয়ে দেওয়া হয়েছে। নগরের ঘোড়ামারা মহল্লার মিয়াপাড়ায় এই বাড়ির আঙিনায় এখন ইটের স্তুপ পড়ে আছে। এ খবর পেয়ে আজ বুধবার দুপুরে রাজশাহীর চলচ্চিত্রকর্মীরা ভিড় করেন বাড়িটিতে।	১৪ আগস্ট ২০২৪, বিকেল ০৫:২১	প্রথম আলো	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৪২	ঠাকুরগাঁওয়ে হিন্দু বাড়িতে অগ্নিসংযোগ ঠাকুরগাঁও সদর উপজেলায় হিন্দু সম্প্রদায়ের একটি বাড়িতে অগ্নিসংযোগ করা হয়েছে। এ সময় এক যুবককে আটক করে পুলিশে দিয়েছে জনতা।	১৫ আগস্ট ২০২৪, রাত ০৩:০০	Bdnews24	 <p>ঠাকুরগাঁওয়ে হিন্দু বাড়িতে অগ্নিসংযোগ, যুবক আটক পুলিশ দপ্তর উপজেলায় একটি হিন্দু বাড়িতে অগ্নিসংযোগ করা হয়েছে। এ সময় এক যুবককে আটক করে পুলিশে দিয়েছে জনতা।</p>

দেশের বিভিন্ন থানায় হামলা

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
১	সিরাজগঞ্জের এনায়েতপুর থানাতে হামলায় ১৩ পুলিশ নিহত সন্ত্রাসী হামলায় সিরাজগঞ্জ জেলার এনায়েতপুর থানার ১৩ পুলিশ সদস্য নিহত হয়েছেন। কয়েক শ মানুষ অতর্কিতে থানায় এসে হামলা চালায়। তাঁরা আগুন ধরিয়ে দেয়। এখন পর্যন্ত ১৩ জন পুলিশ সদস্যের মৃতদেহ উদ্ধার করা হয়েছে। তাঁদের শরীরে আঘাতের চিহ্ন রয়েছে।	০৪ আগস্ট, ২০২৪ সন্ধ্যা ৭:১৫	Somoy news	
২	কিশোরগঞ্জ মডেল থানায় আন্দোলনকারী কর্তৃক হামলা	০৪ আগস্ট, ২০২৪ বিকাল ৪:৩৫	ইনডিপেন্ডেন্ট টেলিভিশন	
৩	বগুড়া সদর থানায় হামলা বিষ্ণু জনতার একটি বিজয় মিছিল থেকে থানা লক্ষ্য করে কয়েকটি ককটেল নিক্ষেপ করা হয়। এরপর দফায় দফায় থানায় হামলার করা হয়।	৪ আগস্ট, ২০২৪ সকাল ১১:২৮	Jugantor	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৪	বগুড়ার দুপচাঁচিয়া থানায় হামলা বগুড়ার দুপচাঁচিয়া থানায় হামলা হয়েছে বলে জানিয়েছে বগুড়া পুলিশ সুপার জাকির হাসান।	৪ আগস্ট, ২০২৪ সকাল ১১:৩৪	Ajker patrika	
৫	সিরাজগঞ্জের হাটিকুমরুল হাইওয়ে থানায় হামলা, অগ্নিসংযোগ ও ভাঙচুর সিরাজগঞ্জের হাটিকুমরুল হাইওয়ে থানায় হামলা চালিয়ে গাড়িতে অগ্নিসংযোগ ও ভাঙচুরের ঘটনা ঘটে। এ সময় থানার সীমানা প্রাচীরের ভেতরে থাকা রেকার ও থানার কয়েকটি গাড়িতে আগুন ধরিয়ে দেয় দুর্বৃত্তরা	৪ আগস্ট, ২০২৪ রাত ০৯:২৪	jagonews24	
৬	রাজশাহীর মোহনপুর থানায় হামলা ও অগ্নিসংযোগ	০৪ আগস্ট, ২০২৪ বিকাল ৫:২৬	Jayjaysomay	
৭	পুলিশ সদরদপ্তরে হামলা রাজধানী ঢাকার পুলিশ সদর দপ্তরে ঢুকে পড়েছে কয়েকশ মানুষ। হামলা চালিয়ে ভাঙচুর করা হয়েছে বিভিন্ন কক্ষ। সোমবার রাত পৌনে ৮টার দিকে ঢাকার বঙ্গবাজারের কাছে ফিনিক্স রোডে অবস্থিত পুলিশের সদর দপ্তরে অনেক মানুষ ঢুকে পড়তে শুরু করে। প্রত্যক্ষদর্শীরা বলেন, অনেকটা বিনা বাধায় কয়েকশ মানুষ সদর দপ্তরের প্রধান ফটক দিয়ে ঢুকে পড়ে।	০৫ আগস্ট, ২০২৪ রাত ৮:৩০	BD NEWS 24	
৮	মিরপুর মডেল থানায় আগুন দুষ্কৃতিকারী ৫ আগস্ট সন্ধ্যায় আগুন পুড়িয়ে দিয়েছে সম্পূর্ণ থানা। মিরপুর মডেল থানায় আগুনে পুড়েছে অনেক অস্ত্র।	১৪ আগস্ট ২০২৪, বিকেল ০৫:২১	প্রথম আলো	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৯	মোহাম্মদপুর থানায় আগুন ঢাকা মহানগর পুলিশের মোহাম্মদপুর থানায় আগুন দিয়েছে বিক্ষুব্ধ জনতা। একই সঙ্গে ভাঙচুর ও লুটপাট করা হয়েছে থানার মালামাল-কাগজপত্র। সোমবার (৫ আগস্ট) সন্ধ্যা নাগাদ থানায় আক্রমণ চালায় স্থানীয় বিক্ষুব্ধ জনতা।	০৫ আগস্ট, ২০২৪ সন্ধ্যা ৬:৫৬	Barta	
১০	পল্লবী থানা ভাঙচুর, লুটপাট মিরপুরের পল্লবী থানা ঘেরাও করে কয়েক হাজার মানুষ। একপর্যায়ে বিক্ষুব্ধ জনতা থানার ভেতরে ঢুকে ভাঙচুর শুরু করে। ভাঙা হয় পুলিশের কয়েকটি গাড়ি ও মোটরসাইকেল। সন্ধ্যার ঠিক আগেও দেখা যায় থানা ভবন পুরোপুরি ঘিরে রেখেছে সাধারণ মানুষ।	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৩:৪৫	News bangla 24	
১১	উত্তরা পূর্ব থানায় হামলা রাজধানীর উত্তরা পূর্ব থানায় হামলা-ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনায় আরও ১৩ জনের লাশ উদ্ধার করা হয়েছে। এ নিয়ে গত সোমবারের ঘটনায় নিহতের সংখ্যা ২৩-এ দাঁড়াল।	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৪:১৫	Prothomalo	
১২	বাড্ডা থানায় হামলা উত্তেজিত জনতা বাড্ডা থানায় হামলা করে। এ সময় হামলা ও গুলির ঘটনায় বেশ কিছু মানুষের হতাহত হয়েছে।	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৪:৩৫	RTV	
১৩	ভাটারা থানা অগ্নি সংযোগ ভাটারা থানার পাশাপাশি পাশেই থাকা পুলিশ বক্সও পুড়িয়ে দেওয়া হয়েছে। থানার চারপাশে ব্যারিকেড দেওয়া। ভেতরে-বাইরে উৎসক জনতা। ভেতরে থাকা গাড়ি সম্পূর্ণ পুড়ে গেছে। আগুন নেভানো হলেও মূল ভবন থেকে বের হচ্ছিল ধোঁয়া। তবে ভেতরে বিভিন্ন উঠতি বয়সের যুবককে দেখা যায় বিভিন্ন মালামাল ও জিনিসপত্র লুট করতে।	৫ আগস্ট, ২০২৪ দুপুর ২:২৩	Amader- shomoy	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
১৪	আদাবর থানায় আগুন, ভাঙচুর ঢাকা মহানগর পুলিশের আদাবর থানায় আগুন দিয়েছে বিক্ষুব্ধ জনতা। একই সঙ্গে ভাঙচুর ও লুটপাট করা হয়েছে থানার মালামাল-কাগজপত্র। সোমবার (৫ আগস্ট) আদাবর থানায় আক্রমণ চালায় স্থানীয় বিক্ষুব্ধ জনতা।	৫ আগস্ট, ২০২৪ দুপুর ৫:১৩	Barta	
১৫	যাত্রাবাড়ী থানায় হামলা-ভাঙচুর রাজধানীর যাত্রাবাড়ী থানায় হামলা চালিয়ে ভাঙচুর করেছেন আন্দোলনকারীরা। এ ছাড়া থানার পাশের আরেকটি ভবনের সামনে রাখা সব গাড়িতে আগুন দেয়া। সেখানে গণপিটুনিতে চার পুলিশ মারা যাওয়ার দাবি করেছেন প্রত্যক্ষদর্শীরা। বাড়ডায় সোমবার (৫ আগস্ট) দুপুর ২টার পর থেকে এই ঘটনা ঘটে।	৫ আগস্ট, ২০২৪ দুপুর ২:১৭	Shomoyeralo	
১৬	ওয়ারী থানায় অগ্নিসংযোগ এবং লুটপাট	৫ আগস্ট, ২০২৪ দুপুর ১:২৪	Asad Mithu 2.0	
১৭	কোতোয়ালি থানায় হামলা ও আগুন দেয় দুর্বৃত্তরা	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৪:৩৪	Channel 24 News	
১৮	খিলগাঁও থানায় হামলা, ভাঙচুর খিলগাঁও থানায় বিক্ষুব্ধ জনতা হামলা ও ভাঙচুর চালায়। রোববার (৫ আগস্ট) রাতে দশটার দিকে এ ঘটনা ঘটে।	৫ আগস্ট, ২০২৪ রাত ১০:১৪	Nowshad Ahamed	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
১৯	মতিঝিল থানায় হামলা, ভাংচুর মতিঝিল থানায় ঢুকে লোকজন ভাংচুর ও আগুন দিয়েছে বলে খবর পেয়েছি। আমাদের সদস্যরা আপ্রাণ চেষ্টা করেছেন কিন্তু তারা থানাকে হামলা থেকে রক্ষা করতে পারেননি। কারণ তারা শত শত মানুষ।	৫ আগস্ট, ২০২৪ রাত ১০:৪০	Dhakamail	
২০	বংশাল থানায় হামলা রাজধানীর বংশাল থানায় ভাঙচুর চালিয়েছে সরকার পতনের আনন্দ মিছিল করতে আসা জনতারা আজ বিকেলে বংশাল এলাকায় এ দুর্ঘটনা ঘটে।	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৪:২৪	Amader-shomoy	
২১	কদমতলী থানায় হামলা-ভাঙচুর কদমতলী থানায় হামলা-ভাঙচুর ও অগ্নিসংযোগের খবর পাওয়া গেছে। হামলার সময় পুলিশ গুলি করলে বহু মানুষ হতাহত হয়েছে।	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৪:৪৫	The daily star	
২২	কামরাসীরচর থানায় ভাংচুর, অস্ত্রসহ জিনিসপত্র লুট রাজধানীর কামরাসীরচর থানায় হামলার পর ভাংচুর ও লুট করা হয়েছে। এসময় থানায় থাকা অস্ত্র নিয়ে যায় লোকজন। সোববার (৫ আগস্ট) দিবাগত রাতে এ ঘটনা ঘটে।	৫ আগস্ট, ২০২৪ রাত ১১:৪৭	Dhakamail	
২৩	রামপুরা থানায় হামলা ও ভাঙচুর	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৪:২৪	Bartaman-desh tv	
২৪	লালবাগ থানায় হামলা-ভাঙচুর ও অগ্নিসংযোগ	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৪:২৮	Desh Rupantor	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
২৫	ফেনী মডেল থানায় আগুন সোমবার রাতে প্রায় দেড়শ বছরের পুরনো ফেনী মডেল থানায় আগুন দেওয়া হয়। এ সময় থানা চত্বরে থাকা ১০-১৫টি গাড়ি পুড়ে যায়। থানার আসবাবপত্র ভাঙচুর করে নথিপত্র আগুনে পুড়িয়ে দেওয়া হয়।	৫ আগস্ট, ২০২৪ রাত ৮:২৮	bdnews24	
২৬	দাগনভূঞা থানায় হামলা, ভাংচুর ও আগুন	৫ আগস্ট, ২০২৪ রাত ৯:৪৫	bdnews24	
২৭	নোয়াখালীর সোনাইমুড়ী থানায় হামলা ও অগ্নিসংযোগ নোয়াখালীর সোনাইমুড়ী ও চাটখিল থানায় হামলা ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে।	৫ আগস্ট, ২০২৪ সন্ধ্যা ৬:৩৫	সময় নিউজ	
২৮	নোয়াখালীর চাটখিল থানায় হামলা ও অগ্নিসংযোগ নোয়াখালীর সোনাইমুড়ী ও চাটখিল থানায় হামলা ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। এতে সোনাইমুড়ী থানার চার পুলিশসহ সাতজন নিহত হয়েছেন।	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৫:৩৫	সমকাল	
২৯	ফরিদপুরে সদরপুর থানায় ভাংচুর, হামলা ও অগ্নিসংযোগ ৫ আগস্ট বিকেল পাঁচটার দিকে মিছিল থেকে একদল বিক্ষোভকারী সদরপুর থানায় হামলা করে। তারা থানার সামনে থাকা ইউএনও, ওসির গাড়ি ও একটি পুলিশ ভ্যানে অগ্নিসংযোগ করে।	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৫:১৮	ইনকিলাব	


ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৩০	ফরিদপুরে কোতোয়ালি থানায় হামলা	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৪:১৮	বাংলা নিউজ ২৪	
৩১	ব্রাহ্মণবাড়িয়া সদর থানায় আক্রমণ সরকার পদত্যাগের ঘটনায় ব্রাহ্মণবাড়িয়ায় বিজয় উল্লাসকালে সদর থানায় আক্রমণ করেছে আন্দোলনকারীরা। ভাঙচুর, অগ্নিকাণ্ড ঘটিয়ে পুলিশের সামনেই করেছে লুটপাট। সোমবার (৫ আগস্ট) বিকেল ৪টায় এই সংঘর্ষের সূত্রপাত ঘটে।	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৪:১০	ঢাকা পোস্ট	
৩২	ফরিদপুরে মধুখালী থানায় হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগ	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৪:২৩	বাংলা নিউজ ২৪	
৩৩	ভৈরব থানায় হামলা এবং অগ্নিসংযোগ ৫ আগস্ট সরকার পতনের পর ভৈরবের থানা ভাঙচুর ও অগ্নিসংযোগ করা হয়।	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৪:১৩	Jafor ahmed ansari official	
৩৪	মৌলভীবাজারের বড়লেখা থানায় হামলা ৫ আগস্ট সরকার পতনের খবরে বিক্ষুব্ধ লোকজন থানা ঘেরাও করে পুলিশকে লক্ষ্য ইটপাটকেল নিক্ষেপ করেন। এসময় বিএনপি-জামায়াতের নেতারা বিক্ষুব্ধ জনতাকে নিবৃত্ত করেন।	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৩:১৩	sylhet- view24	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৩৫	ফুলবাড়িয়া থানায় হামলা ফুলবাড়িয়া থানা গেইট ভেঙে ভেতরে শত শত মানুষ প্রবেশ করে থানা ভাঙচুর, পুলিশের দুটি গাড়ি, ৪ থেকে ৫ টি মোটরসাইকেল পুড়িয়ে দেয়। অর্ধশতাধিক মোটরসাইকেল, আসবাবপত্র ভাঙচুরসহ পুলিশের মালামাল	৫ আগস্ট, ২০২৪ সন্ধ্যা ৬:৩৩	Kalerkantho	
৩৬	চট্টগ্রামের কোতোয়ালি থানায় ভাঙচুর ও অগ্নিসংযোগ চট্টগ্রামের কোতোয়ালি থানায় হামলা, ভাঙচুর এবং অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে।	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৩:১৩	Banglatribune	
৩৭	চট্টগ্রামের পতেঙ্গা থানায় হামলা, ভাঙচুর	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৩:১৩	Prothom Alo	
৩৮	চট্টগ্রামের ইপিজেড থানায় হামলা	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৩:১৩	Banglatribune	
৩৯	চট্টগ্রামের পাহাড়তলী থানায় হামলা, ভাঙচুর	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৩:১৩	Banglatribune	
৪০	চট্টগ্রামের চান্দগাঁও থানায় হামলা	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৩:১৩	Banglatribune	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৪১	ডিএমপির যুগ্ম কমিশনার বিপ্লবের বাসায় হামলা ও ভাঙচুর কিশোরগঞ্জে খরমপাড়া এলাকায় ডিএমপির যুগ্ম কমিশনার বিপ্লব কুমার সরকারের বাসভবনে হামলা ও ভাঙচুর করে বাসায় থাকা মালামাল লুটের ঘটনা ঘটেছে। পরে বাসার বাইরে অগ্নিসংযোগ করে দূর্বৃত্তরা।	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৩:২৩	কালবেলা	
৪২	জয়পুরহাট সদর থানায় ক্ষুর এলাকাবাসীর হামলা	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৪:২৯	Jamuna TV	
৪৩	কক্সবাজার সদর থানায় ভাঙচুর ও অগ্নিসংযোগ কক্সবাজার সদর মডেল থানায় অগ্নিসংযোগ করা হয়েছে। পুড়িয়ে দেওয়া হয়েছে জেলা ট্রাফিক পুলিশের কার্যালয় এবং পাশের পুলিশ ব্যারাক।	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৫:৩৫	Chatganews	
৪৪	কুষ্টিয়া থানা ও পুলিশ সুপার কার্যালয়ে হামলা কুষ্টিয়া মডেল থানা ও পুলিশ সুপারের কার্যালয়ে হামলার ঘটনা ঘটেছে। সোমবার দুপুরে এ ঘটনা ঘটে।	৬ আগস্ট, ২০২৪ দুপুর ২:১৮	ঢাকা টাইমস	
৪৫	টাঙ্গাইল সদর থানায় হামলা আন্দোলনকারীরা মিছিল নিয়ে টাঙ্গাইল সদর থানায় প্রবেশ করে পুলিশের ওপর হামলা চালায় ও ভাঙচুর করে।	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৫:২৪	Dhaka Post	


স্থাপত্য ও সরকারি ভবনে হামলা

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
১	<p>প্রধান বিচারপতি বাসভবনে ভাঙচুর</p> <p>প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের বাসভবনে ভাঙচুর চালাচ্ছে বিক্ষোভকারীরা। বেশ কিছু মানুষ দেয়াল টপকে ১৯ হেয়ার রোডে অবস্থিত প্রধান বিচারপতির বাসভবনে ঢুকছিলেন। ভেতর থেকে চিৎকার, হইহুল্লোড় ও ভাঙচুর করে।</p>	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৪:২৮	Samakal	
২	<p>ঢাকা বিশ্ববিদ্যালয় ভিসির বাসভবনে জনতার হামলা</p> <p>ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক এ এস এম মাকসুদ কামালের বাসভবনে হামলা হয়েছে। সোমবার (৫ আগস্ট) বিকেল ৪টার দিকে এই হামলার হয়।</p>	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৫:২৮	Dainikshiksha	
৩	<p>সিলেটে পুলিশ সুপারের কার্যালয়ে আগুন</p> <p>পুলিশ সুপারের বাসভবনসহ বিভিন্ন সরকারি স্থাপনায় ভাঙচুর ও অগ্নিসংযোগ করেছে জনতা।</p>	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৩:১৮		
৪	<p>সিলেটে জেলা প্রশাসকের কার্যালয়</p>	৫ আগস্ট, ২০২৪ বিকাল ৩:১৮	Tbsnews	



ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৫	নারায়ণগঞ্জে ডিসি-এসপির কার্যালয়ে ভাঙচুর-আগুন আন্দোলনকারীরা ঢাকা-নারায়ণগঞ্জ লিংক রোডে জেলা প্রশাসকের কার্যালয়, জেলা পুলিশ সুপার কার্যালয়, জেলা পরিষদ কার্যালয়, নারায়ণগঞ্জ আয়কর অফিস, রাইফেল ক্লাব, চাষাডায় পুলিশ বক্স, সদর মডেল থানা, ফতুল্লা মডেল থানা ও পঞ্চাবটি পুলিশ বক্সসহ সরকারি-বেসরকারি অন্তত ১৫টি প্রতিষ্ঠানে হামলা চালিয়েছে।	০৪ আগস্ট, ২০২৪ রাত ৮:১৫		

গণমাধ্যমের অফিসে হামলা


ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
১	একাত্তর টেলিভিশনের অফিসে হামলা ও ভাঙচুর	০৫ আগস্ট, ২০২৪ দুপুর ০২:৪৩	bdnews24	
২	সময় টেলিভিশনের অফিসে হামলা	০৫ আগস্ট, ২০২৪ বিকাল ০৫:২৩	প্রথম আলো	
৩	এটিএন বাংলার অফিসে হামলা	০৫ আগস্ট, ২০২৪ বিকাল ০৫:১০	নিউজ বাংলা	
৪	ডিবিসি নিউজের কার্যালয়ে হামলার	০৫ আগস্ট, ২০২৪ বিকাল ০৪:১৬	Saradin	




ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৬	হাতিরঝিলে মাইটিভির স্টেশন ভাঙচুর	৫ আগস্ট, ২০২৪ সন্ধ্যা ৬:৩৩	bdnews24	

বাণিজ্যিক ভবন ও ব্যবসা প্রতিষ্ঠানে হামলা-ভাঙচুর

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
১	গাইবান্ধার সাদুল্লাপুর উপজেলার মিরপুর কাচারী বাজারে দুইটি ব্যবসা প্রতিষ্ঠানে হামলা চালিয়ে ভাঙচুর-অগ্নিসংযোগ ও লুটপাট করা হয়েছে	১৩ আগস্ট, ২০২৪ দুপুর ০২:২৩	মানবজমিন	
২	রামগঞ্জ আনোয়ার খানের ব্যবসা প্রতিষ্ঠানে হামলা ভাঙচুর	৬ আগস্ট, ২০২৪ সন্ধ্যা ৬:৫৪	bd-journal	

বিভিন্ন জায়গায় আওয়ামী লীগ অফিস ও নেতাকর্মীদের বাড়িতে হামলা ও আগুন




ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
১	<p>হবিগঞ্জে আওয়ামী লীগ অফিসে আগুন, এমপির বাসায় হামলা</p> <p>হবিগঞ্জে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে পুলিশের সঙ্গে ছাত্র-জনতার মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ সময় বিক্ষোভকারীরা জেলা আওয়ামী লীগের কার্যালয়ে ভাংচুর করে আগুন ধরিয়ে দেয় ও স্থানীয় সংসদ সদস্যের বাসায় হামলা চালায়। সংঘর্ষ চলাকালে মোস্তাক মিয়া (২৮) নামের এক শ্রমিক নিহত হন।</p>	০২ আগস্ট ২০২৪, ১৮: ০০	ইত্তেফাক	
২	<p>চট্টগ্রামে সংসদ সদস্যের অফিসে আগুন, মেয়রের বাসভবনে হামলা</p> <p>চট্টগ্রাম-১০ আসনের সংসদ সদস্য মো. মহিউদ্দিন বাচ্চুর নগরীর লালখান বাজার কার্যালয়ে হামলা করেছে দুর্বৃত্তরা। এ সময় তারা সেখানে আগুন ধরিয়ে দেয়। অপরদিকে বহাদুরহাট এলাকায় চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) মেয়র রেজাউল করিম চৌধুরীর বাসভবনে হামলার ঘটনা ঘটেছে।</p>	০৩ আগস্ট ২০২৪, ১৮: ০০	কালবেলা	
৩	<p>নোয়াখালীতে জেলা আওয়ামী লীগ কার্যালয় ভাঙচুর-আগুন</p> <p>নোয়াখালীতে কোটা আন্দোলনকারীদের বিক্ষোভ মিছিল থেকে জেলা আওয়ামী লীগ কার্যালয়ে অগ্নিসংযোগ-ভাংচুরের ঘটনা ঘটেছে। তবে এ সময় কোনো হতাহতের ঘটনা ঘটেনি। শনিবার (৩ আগস্ট) বিকেল পৌনে ৫টার দিকে এই অগ্নিসংযোগ ও ভাংচুরের ঘটনা ঘটে।</p>	০৩ আগস্ট ২০২৪, ১৮: ৪৫	দৈনিক নয়্য বঙ্গবাজার	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৪	<p>রাস্তায় ৭ ঘণ্টা পড়েছিল কাউন্সিলর হারাধনের লাশ</p> <p>রংপুরে ছাত্র আন্দোলনকারীদের সঙ্গে সংঘর্ষে আওয়ামী লীগ নেতা ও সিটি করপোরেশনের ৪ নম্বর ওয়ার্ড কাউন্সিলর হারাধন রায় হারা এবং তার গাড়িচালক কমল নিহত হন। এরপর তাদের লাশ সিটি বাজারের সামনে রাস্তার ওপর পড়ে ছিল প্রায় সাত ঘণ্টা। পরে সন্ধ্যা ৭টার দিকে সিটি মেয়র মোস্তাফিজার রহমান মোস্তফা এবং অন্য কাউন্সিলররা গিয়ে লাশ উদ্ধার করে রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে পাঠান।</p>	০৪ আগস্ট, ২০২৪ ১৬:০০	ইত্তেফাক	
৫	<p>বরিশালের রাজপথ আন্দোলনকারীদের দখলে, আ'লীগ নেতাসহ নিহত ২</p> <p>বরিশালে আন্দোলনকারীদের সঙ্গে সংঘর্ষে আওয়ামী লীগ নেতা টুটুল চৌধুরীসহ (৬০) অন্তত দুই জনের নিহতের খবর পাওয়া গেছে। অপরজনের পরিচয় এখনো জানা যায়নি। টুটুল চৌধুরীকে কুপিয়ে ও পিটিয়ে হত্যা করা হয়েছে বলে জানা গেছে। আন্দোলনকারীরা নগরের নবগ্রাম সড়কে পানিসম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক শামীমের কার্যালয় ও আওয়ামী লীগ কর্মীরা সদর রোডে অবস্থিত বিএনপি কার্যালয় ভাঙচুর ও অগ্নিসংযোগ করেছে।</p>	০৪ আগস্ট ২০২৪ ১৬:১৯	সমকাল	
৬	<p>জয়পুরহাটে হুইপ স্বপনের বাসায় ভাঙচুর-অগ্নিসংযোগ, এসপির কার্যালয়ে হামলা</p> <p>বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের এক দফা দাবিতে ছাত্র-জনতার তোপের মুখে পড়ে প্রধানমন্ত্রীর পদ থেকে সদ্য পদত্যাগ করা শেখ হাসিনা সরকারের হুইপ আবু সাঈদ আল মাহমুদ স্বপনের জয়পুরহাটের বাসায় হামলা চালিয়ে ভাঙচুর ও অগ্নিসংযোগ করা হয়েছে। সোমবার (৫ আগস্ট) বিকেলে বিক্ষুব্ধ জনতা এ হামলা চালান।</p>	০৪ আগস্ট, ২০২৪ ১৭:০০	Joy-purhat-	




ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৭	<p>টাঙ্গাইলে আওয়ামী লীগ নেতার গাড়িতে আগুন, গুলিবিদ্ধসহ আহত ১০</p> <p>টাঙ্গাইল জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সাবেক এমপি জোয়াহেরুল ইসলামের ব্যক্তিগত প্রাইভেটকারে আগুন দিয়েছেন আন্দোলনকারীরা। রোববার (৪ আগস্ট) বেলা সাড়ে ১১টার দিকে শহরের বটতলা এলাকায় এ ঘটনা ঘটে।</p>	০৪ আগস্ট, ২০২৪ ১১:০০	সময় নিউজ	
৮	<p>কালিয়াকৈরে পুলিশ বক্স ও আওয়ামী লীগ কার্যালয়ে আগুন</p> <p>কালিয়াকৈরে ঢাকা-টাঙ্গাইল মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করছেন বৈষম্যবিরোধী আন্দোলনকারী শিক্ষার্থীরা। বৈষম্যবিরোধী আন্দোলনকারীরা সকাল থেকেই বিভিন্ন স্কুল, কলেজের শিক্ষার্থী ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের উত্তরবঙ্গের প্রবেশদ্বার চন্দ্রা ত্রিমোড় এলাকায় জড়ো হতে থাকেন। রোববার দুপুর ১২টার দিকে তারা চন্দ্রা পুলিশ বক্স ও আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে আগুন ধরিয়ে দেন।</p>	০৪ আগস্ট ২০২৪, ১২:৩২	যুগান্তর	
৯	<p>এমপি নূরের বাড়িতে ভাঙচুর, জেলা আ. লীগ কার্যালয়ে অগ্নিসংযোগ</p> <p>নীলফামারী-২ আসনের সংসদ সদস্য আসাদুজ্জামান নূরের বাড়িতে ভাঙচুর করেছে দুর্বৃত্তরা। এসময় ৯টি মোটরসাইকেল পুড়িয়ে দেয় আন্দোলনকারীরা। এছাড়া জেলা আওয়ামী লীগের কার্যালয়ে অগ্নিসংযোগ, ভাঙচুর করে নীলফামারী প্রধান ডাকঘর, ট্রাফিক পুলিশ বক্সসহ কয়েকটি স্থাপনা।</p>	০৪ আগস্ট, ২০২৪ ১৮:৪২	কালের কণ্ঠ	
১০	<p>উত্তপ্ত ময়মনসিংহ নগরী, আওয়ামী লীগের কার্যালয় ভাঙচুর</p> <p>বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমাবেশ ও আওয়ামী লীগের মিছিলকে ঘিরে দিনভর উত্তপ্ত ছিল ময়মনসিংহ নগরী। ‘সর্বাত্মক অসহযোগ’ কর্মসূচির অংশ হিসেবে ময়মনসিংহে রোববার (৪ আগস্ট) বেলা ১১টা থেকে নগরীর টাউন হল ও আশপাশের পুরো এলাকা নিয়ন্ত্রণে রাখে আন্দোলনকারীরা।</p>	০৪ আগস্ট, ২০২৪ ১১:০০	সময় নিউজ	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
১১	<p>টাঙ্গাইলে এমপি ছোট মনিরের বাসভবনে আগুন, আহত ১০</p> <p>টাঙ্গাইলে অসহযোগ কর্মসূচি ঘিরে আন্দোলনকারীদের সঙ্গে আওয়ামী লীগ ও ছাত্রলীগের নেতাকর্মীদের পাল্টাপাল্টি ধাওয়া ও সংঘর্ষ হয়েছে। এসময় সংসদ সদস্য (এমপি) তানভীর হাসান ছোট মনিরের বাসভবন, পেট্রোল পাম্প ও হাইওয়ে রেষ্টোরায় ভাঙচুর ও আগুন দেওয়া হয়েছে। এ ঘটনায় একজন গুলিবিদ্ধসহ অন্তত ১০ জন আহত হয়েছেন।</p>	০৪ আগস্ট, ২০২৪ ১৮:৪২	কালের কণ্ঠ	
১২	<p>ময়মনসিংহে সাবেক গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রীর বাসায় হামলা-ভাঙচুর</p> <p>ময়মনসিংহ নগরীর পন্ডিত পাড়া এলাকায় সাবেক গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদের বাসায় হামলা চালিয়েছে দুর্বৃত্তরা। এসময় ইটপাটকেল নিক্ষেপ করে বাসার দ্বিতীয় তলার বারান্দার গ্লাস ভাঙচুর করা হয়। রোববার (৪ আগস্ট) দুপুর দেড়টার দিকে একদল দুর্বৃত্ত এ হামলা চালিয়ে ভাঙচুর করে।</p>	০৪ আগস্ট, ২০২৪ ১৩:৩০	বার্তা ২৪	
১৩	<p>খুলনায় আ'লীগ কার্যালয়ে আগুন, যুবলীগ সম্পাদকসহ কয়েকজন গুরুতর আহত</p> <p>নগরীর শঙ্খ মার্কেট এলাকায় অবস্থিত খুলনা মহানগর ও জেলা আওয়ামী লীগের কার্যালয়ে ভাঙচুর ও অগ্নিসংযোগ করেছে আন্দোলনকারীরা। রোববার বেলা ১২টার দিকে এই ঘটনা ঘটে।</p>	০৪ আগস্ট, ২০২৪ ১২:০০	Tarikul Islam	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
১৪	<p>ফরিদপুর আ. লীগ ও ছাত্রলীগের কার্যালয়ে আগুন</p> <p>ফরিদপুরে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অসহযোগ আন্দোলনের প্রথম দিনে জেলা আওয়ামী লীগ ও ছাত্রলীগের কার্যালয়ে আগুন দেওয়া হয়েছে। রোববার (৪ আগস্ট) বেলা ১১টার দিকে শহরের হাসিবুল হাসান লাবলু সড়কে অবস্থিত জেলা আওয়ামী লীগ কার্যালয়ে বিক্ষুব্ধ জনতা হামলা করে। হামলার মুখে টিকতে না পেরে অফিসের সামনে অবস্থানকারী আওয়ামী লীগের কর্মীরা পালিয়ে যান।</p>	০৪ আগস্ট, ২০২৪ ১১:০০	Voice Of Fokir	
১৫	<p>ঠাকুরগাঁওয়ে আ.লীগের পার্টি অফিসে আগুন, ডিসি কার্যালয় ভাঙচুর</p> <p>বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ডাকা অসহযোগ আন্দোলনে ঠাকুরগাঁওয়ে উত্তাল অবস্থা বিরাজ করছে। ঠাকুরগাঁও জেলা আওয়ামী লীগ পার্টি অফিসে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। এছাড়া, ঠাকুরগাঁও জেলা প্রশাসকের (ডিসি) কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ভাঙচুর করা হয়েছে। বর্তমান ঠাকুরগাঁওয়ে উত্তাল অবস্থা বিরাজ করছে।</p>	০৪ আগস্ট ২০২৪, ১৭:০৩	ইনকিলাব	
১৬	<p>পঞ্চগড়ে আ.লীগের ৮ নেতার বাড়িতে ভাঙচুর ও অগ্নিসংযোগ</p> <p>বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ডাকা একদফা দাবি কেন্দ্র করে রণক্ষেত্রে পরিণত হয়েছে পঞ্চগড়ের দেবীগঞ্জ উপজেলা। তিনজন জনপ্রতিনিধিসহ স্থানীয় আওয়ামী লীগের আট নেতার বাড়িতে ভাঙচুর ও অগ্নিসংযোগ করেছেন আন্দোলনরত বিক্ষুব্ধ জনতা। এ সময় বেশ কিছু গাড়ি, সরকারি ও বেসরকারি স্থাপনাও ভাঙচুর করেন তারা।</p>	০৪ আগস্ট ২০২৪, ১৭:৪৫	কালবেলা	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
১৭	<p>গাজীপুরে আ.লীগের ৩ কার্যালয়ে ভাঙচুর, নেতাদের বাড়ি-অফিসে হামলা</p> <p>গাজীপুরে অসহযোগ আন্দোলন কর্মসূচি চলাকালে রবিবার (৪ আগস্ট) বিভিন্ন স্থানে বিক্ষোভ ও সড়ক অবরোধ করেছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনকারীরা। এ সময় আওয়ামী লীগের জেলা কার্যালয়সহ কাপাসিয়া ও কালিয়াকৈর উপজেলা কার্যালয়ে ভাঙচুর ও অগ্নিসংযোগ করা হয়েছে।</p>	০৪ আগস্ট ২০২৪, ১৯:৩০	বাংলা ট্রিবিউন	
১৮	<p>খুলনায় আওয়ামী লীগ অফিস ভাঙচুর-আগুন, প্রেসক্লাবে হামলা</p> <p>চলমান বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ঘোষিত অসহযোগ আন্দোলনের প্রথম দিনে খুলনায় জেলা ও মহানগর আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয় পুড়িয়ে দিয়েছেন বিক্ষুব্ধ আন্দোলনকারীরা। রোববার (৪ আগস্ট) বেলা সাড়ে ১১টার দিকে জেলার শঙ্খমার্কেট এলাকায় ক্ষমতাসীন দলের জেলা কার্যালয়টিতে আগুন দেওয়ার ঘটনা ঘটে।</p>	০৪ আগস্ট ২০২৪, ১৩:০৭	ইত্তেফাক	
১৯	<p>রায়গঞ্জে আওয়ামী লীগের অফিসে হামলা করে ছয় জনকে হত্যা</p> <p>সিরাজগঞ্জে একটি থানায় হামলা করে পুলিশের ১৩ জন সদস্যকে হত্যার দিন আওয়ামী লীগের একটি কার্যালয়ে ঢুকে হামলা করে আরও ছয় জনকে হত্যার ঘটনা ঘটেছে। জেলার রায়গঞ্জ উপজেলা আওয়ামী লীগের কার্যালয়ে একটি মতবিনিময় সভা চলাকালে এই হামলা হয় বলে জানিয়েছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা নাহিদ হাসান খান।</p>	০৪ আগস্ট ২০২৪, ১৮: ০০	bdnews24	




ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
২০	<p>ভোলায় সংঘর্ষে নিহত ১, আওয়ামী লীগ কার্যালয়সহ নানা স্থাপনায় ভাঙচুর-আগুন</p> <p>ভোলায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ডাকে অসহযোগ আন্দোলন চলাকালে বিক্ষোভকারীদের সঙ্গে ছাত্রলীগ ও পুলিশের সংঘর্ষে আজ রোববার একজন নিহত হয়েছেন। সকাল ১০টা থেকে বেলা ২টা পর্যন্ত সংঘর্ষে পুলিশসহ শতাধিক ব্যক্তি আহত হয়েছেন।</p>	০৪ আগস্ট ২০২৪, ১৭: ০৬	প্রথম আলো	 <p>ভোলায় সংঘর্ষে নিহত একজন লোকের লাশ। ভোলায় সংঘর্ষে নিহত একজন লোকের লাশ। ভোলায় সংঘর্ষে নিহত একজন লোকের লাশ।</p>
২১	<p>পঞ্চগড়ে মহিলা এমপিসহ আ'লীগের নেতাদের বাড়িতে আগুন, ভাঙচুরের তাণ্ডব</p> <p>বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অসহযোগ আন্দোলন চলাকালে পঞ্চগড়ে দুটি উপজেলায় সংরক্ষিত মহিলা সংসদ সদস্যসহ বাড়ি, গাড়িতে ও আওয়ামী লীগের কার্যালয়ে অগ্নিসংযোগসহ আওয়ামী লীগ নেতাদের বাড়িতে অগ্নিসংযোগসহ বিভিন্ন এলাকায় ভাঙচুরের ঘটনা ঘটেছে।</p>	০৪ আগস্ট ২০২৪, ১৫:০০	ঢাকা পোস্ট	
২২	<p>গাজীপুরে আওয়ামী লীগের কার্যালয়ে আগুন</p> <p>বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ডাকে এক দফা দাবিতে চলা 'অসহযোগ আন্দোলন' কর্মসূচি চলাকালে গাজীপুরের বিভিন্ন এলাকায় বিক্ষোভ, সড়ক অবরোধ, বিজিবি ব্যাটালিয়ান ও থানায় হামলা-ভাঙচুর করেছেন আন্দোলনকারীরা। রবিবার (৪ আগস্ট) জেলা ও মহানগর আওয়ামী লীগ কার্যালয়েও আগুন দেন বিক্ষোভকারীরা। শহরের প্রায় সকল মার্কেট ও দোকানপাট বন্ধ ছিল। সড়ক-মহাসড়কে চলেনি যানবাহন।</p>	০৪ আগস্ট ২০২৪, ১৫: ০০	কালের কণ্ঠ	 <p>গাজীপুরে আগুন লাগে আওয়ামী লীগের কার্যালয়ে। গাজীপুরে আগুন লাগে আওয়ামী লীগের কার্যালয়ে। গাজীপুরে আগুন লাগে আওয়ামী লীগের কার্যালয়ে।</p>





ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
২৩	<p>ধানমন্ডি ৩২-এ বঙ্গবন্ধুর বাড়িতে হামলা-আগুন</p> <p>রাজধানীর ধানমন্ডি ৩২-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতিবিজড়িত বাড়িতে হামলা চালানো হয়। একপর্যায়ে দেওয়া হয় আগুন। এতে পুড়ে যায় পুরো বাড়িটি। গতকাল সোমবার শেখ হাসিনা প্রধানমন্ত্রীর পদ থেকে ইস্তফা দিয়ে দেশত্যাগের পর বাড়িটিতে এ হামলা চালানো হয়।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৭:৩১	VOA বাংলা	
২৪	<p>আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে ফের আগুন, লুটপাট</p> <p>সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার পদত্যাগ ও দেশ ছাড়ার পর সেদিন বিকালেই রাজধানী ঢাকার গুলিস্তানের বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে আগুন ধরিয়ে দেয়া হয়। মঙ্গলবার দুপুর ১টার দিকে ভবনটিতে আবার আগুন দেয়া হয়।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৩:৫৭	বাংলাদেশ জার্নাল	
২৫	<p>খুলনায় শেখ হেলালের বাড়িতে হামলা, আ. লীগ কার্যালয়ে অগ্নিসংযোগ</p> <p>খুলনায় সংসদ সদস্য শেখ হেলাল উদ্দিনের বাড়িতে হামলার পাশাপাশি জেলা আওয়ামী লীগ কার্যালয়, খুলনা প্রেস ক্লাবসহ কয়েকটি স্থানে অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। এ ছাড়াও খুলনা সিটি মেয়র ও মহানগর আওয়ামী লীগের সভাপতি তালুকদার আবদুল খালেকের বাড়ি, নগর ভবন, জেলা পরিষদ, নৌ পরিবহন মালিক গ্রুপের কার্যালয়সহ আওয়ামী লীগ নেতাদের ব্যবসাপ্রতিষ্ঠানে ভাঙচুরের ঘটনা ঘটেছে।</p>	০৪ আগস্ট ২০২৪, ১১:৫৭	channel24	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
২৬	<p>সাবেক রাষ্ট্রপতি আবদুল হামিদের বাসভবনে হামলা, ভাঙচুর</p> <p>সাবেক রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কিশোরগঞ্জের বাসভবনে হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। আজ সোমবার শহরের খড়মপট্টি এলাকায় এ ঘটনা ঘটে। জনতা বাসভবনের প্রধান ফটক ভেঙ্গে ভেতরে ব্যাপক ভাঙচুর চালায়। এ সময় বাসার মালামাল বাইরে এনে আগুন ধরিয়ে দেওয়া হয়।</p>	০৫ আগস্ট ২০২৪, ২০:১৬	আজকের পত্রিকা	 <p>কিশোরগঞ্জে সাবেক রাষ্ট্রপতি আবদুল হামিদের বাসভবনে হামলা। ছবি: খবর সাবেক রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের বাসভবনে হামলা। ছবি: খবর সাবেক রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের বাসভবনে হামলা। ছবি: খবর</p>
২৭	<p>সালমান এফ রহমানের গুলশানের বাড়িতে আগুন-লুটপাট-ভাঙচুর</p> <p>সোমবার শেখ হাসিনার দেশত্যাগের খবরের পর পরই বাড়িটিতে ঢুকে লুটপাট চালানো হতে থাকে। সেদিন লুট করা হয় বাড়ির সবকিছু, খুলে নেওয়া হয়েছে শীতাতপ নিয়ন্ত্রিত যন্ত্রগুলোও। এরপর জ্বালিয়ে দেওয়া হয় বাড়ির প্রাঙ্গণে ও গ্যারেজে থাকা ১২ টি গাড়ি। দ্বিতীয় তলায়ও আগুনে পোড়ার স্পষ্ট ছাপ। এক কথায় পুড়িয়ে দেওয়া বাড়িতে কিছুই আর লুট করতে অবশিষ্ট নেই।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৮:৩১	bdnews24	
২৮	<p>নড়াইলে মশরাফির বাড়িতে আগুন</p> <p>জাতীয় সংসদের হুইপ নড়াইল-২ সংসদ সদস্য ও জাতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক মশরাফি বিন মর্ত্তাজার নড়াইলের বাড়িতে ভাঙচুর ও আগুন দিয়েছে বিক্ষুব্ধ জনতা। সোমবার (৫ আগস্ট) শেখ হাসিনার পদত্যাগের পর বিক্ষুব্ধ জনতা নড়াইলে মশরাফির বাড়িতে ভাঙচুর চালানো হয়। এক পর্যায়ে বাড়িতে আগুন ধরিয়ে দেওয়া হয়।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৩:৩০	ইত্তেফাক	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
২৯	<p>লালমনিরহাটে পুড়িয়ে দেওয়া আওয়ামী লীগ নেতার বাড়িতে ৬ লাশ</p> <p>লালমনিরহাট সদর উপজেলায় পুড়িয়ে দেওয়া আওয়ামী লীগ নেতার বাসা থেকে ছয়জনের মৃতদেহ উদ্ধার করা হয়েছে; যারা সবাই শিক্ষার্থী বলে জানিয়েছে পুলিশ। সোমবার রাতে শহরের কেন্দ্রীয় শহীদ মিনারে পাশে জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক সাখাওয়াত হোসেন সুমন খানের বাসা থেকে এসব মৃতদেহ উদ্ধার করা হয় বলে জানিয়েছেন লালমনিরহাট ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার (ভারপ্রাপ্ত) সহিদার রহমান।</p>	০৫ আগস্ট ২০২৪, ২০:৩০	bdnews24	
৩০	<p>চাঁদপুরে দীপু মনির বাসভবনে ভাঙচুর-আগুন</p> <p>সমাজকল্যাণ মন্ত্রী ডা. দীপু মনির বাসভবনে ভাঙচুর করেছে দুর্বৃত্তরা। সন্ধ্যায় পেট্রোল দিয়ে দুটি মোটরসাইকেলে আগুন ধরিয়ে দেওয়া হয়। রবিবার দুপুর আড়াইটায় শহরের নতুনবাজার এলাকার কদমতলাস্থ বাসভবনে এ হামলার ঘটনা ঘটে। সন্ধ্যায় বাসভবনের নিচে থাকা দুটি মোটরসাইকেল অগ্নিসংযোগ করে।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৯:৩০	ঢাকা টাইমস	
৩১	<p>সাবেক কৃষিমন্ত্রীর শ্রীমঙ্গল বাসভবনে দুর্বৃত্তের আগুন</p> <p>প্রধানমন্ত্রীর পদ থেকে শেখ হাসিনার পদত্যাগের পর সোমবার (৫ আগস্ট) সন্ধ্যার দিকে সদ্য সাবেক কৃষিমন্ত্রী উপাধ্যক্ষ ড. আব্দুস শহীদেদর শ্রীমঙ্গল বাসভবনে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। এছাড়া শ্রীমঙ্গল থানাসহ বিভিন্ন দোকানপাঠ ও স্থাপনায় হামলা-ভাঙচুরের অভিযোগ পাওয়া গেছে।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৮:০০	সময়ের আলো	





ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৩২	<p>নাটোরে এমপি শিমুলের পুড়ে যাওয়া বাসভবনে মিলল চার মরদেহ</p> <p>নাটোর-২ (সদর ও নলডাঙ্গা) আসনের সংসদ সদস্য শফিকুল ইসলাম শিমুলের পুড়ে যাওয়া বাসভবন থেকে চারজনের মরদেহ উদ্ধার করা হয়েছে। মঙ্গলবার (০৬ আগস্ট) সকালে শহরের কান্দিভিটাস্থ শিমুলের বাসভবনের ভেতরে গিয়ে মরদেহগুলো দেখতে পান স্থানীয় লোকজন।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৭:০০	banglanews24	
৩৩	<p>নারায়ণগঞ্জে শামীম ওসমান ও সেলিম ওসমানের বাড়িতে আগুন</p> <p>সোমবার শেখ হাসিনা সরকারের পতনের পর নারায়ণগঞ্জ ছেড়ে পালিয়ে গেছে আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের চিহ্নিত নেতাকর্মীরা। বিক্ষুব্ধ জনতা বিকালে শহরের জামতলায় শামীম ওসমানের বাড়ি ও চাষাঢ়া রামবাবুর দিঘিরপাড়ে সেলিম ওসমানের বাড়িতে হামলা চালিয়ে ব্যাপক ভাঙচুর করে আগুন ধরিয়ে দিয়েছে।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৮:০০	মানবজমিন	
৩৪	<p>শাজাহান খান-বাহাউদ্দিন নাছিমের বাড়িতে আগুন-ভাঙচুর</p> <p>মাদারীপুর-২ আসনের সংসদ সদস্য শাজাহান খান ও ঢাকা-৮ আসনের সংসদ সদস্য আফ ম বাহাউদ্দিন নাছিমের বাসভবনে হামলা-ভাঙচুর ও আগুন দিয়েছে জনতা। সোমবার (৫ আগস্ট) বিকেলে এ ঘটনা ঘটে।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৭:০০	Jago News	
৩৫	<p>সাবেক আইনমন্ত্রী আনিসুল হকের বাড়ি ভাঙচুর-লুট-অগ্নিসংযোগ</p> <p>শেখ হাসিনার পদত্যাগ ও দেশ ছেড়ে যাওয়ার খবরে গতকাল সোমবার ব্রাহ্মণবাড়িয়ার কসবা উপজেলার পানিয়ারূপ গ্রামে সাবেক আইনমন্ত্রী আনিসুল হকের বাড়িতে আগুন দেয় উত্তেজিত জনতা। এর আগে হামলা ও ভাঙচুরের পর টিনশেড দালান ঘরের চাল খুলে নিয়ে যায় হামলাকারীরা।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৬:০০	thedailystar	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৩৬	<p>সাবেক মন্ত্রী শ ম রেজাউলসহ নেতাদের বাড়িতে আগুন-লুটপাট</p> <p>সাবেক প্রাণিসম্পদ মন্ত্রী ও ক্ষমতাচ্যুত সরকারের পিরোজপুর-১ (নাজিরপুর, পিরোজপুর সদর ও ইন্দুরকানী) আসনের এমপি কেন্দ্রীয় আওয়ামী লীগের সাবেক আইন বিষয়ক সম্পাদক শ ম রেজাউল করিমের বাড়িসহ স্থানীয় আওয়ামী লীগ নেতাদের বাড়িতে আগুন, ভাঙচুর ও লুটের ঘটনা ঘটেছে। গত ৫ আগস্ট সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশ ত্যাগের পর থেকে গত ১০ আগস্ট রাত পর্যন্ত দুর্বৃত্তরা একের পর এক অগ্নিসংযোগ এবং ভাঙচুরের ঘটনা ঘটায়।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৮:০০	bang- lanews24	
৩৭	<p>ঝালকাঠিতে আমির হোসেন আমুর বাড়িতে ভাঙচুর-আগুন</p> <p>প্রধানমন্ত্রী শেখ হাসিনার পদত্যাগের খবর শুনে ঝালকাঠিতে বিক্ষুব্ধ জনতা সংসদ সদস্য ও ১৪ দলের মুখপাত্র আমির হোসেন আমুর বাড়িতে অগ্নিসংযোগ করেন। আজ সোমবার বেলা সাড়ে তিনটায় শহরের প্রাণকেন্দ্র রোনালসে রোডে এ ঘটনা ঘটে।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৫:০০	প্রথম আলো	
৩৮	<p>সিলেটে আওয়ামী লীগের ২৫ নেতার বাড়ি-ব্যবসাপ্রতিষ্ঠানে হামলা, থানায় আগুন</p> <p>শেখ হাসিনার পদত্যাগের পর গতকাল সোমবার মধ্যরাত পর্যন্ত নগরের বিভিন্ন এলাকায় আওয়ামী লীগ ও এর সহযোগী অঙ্গসংগঠনের অন্তত ২৫ জন শীর্ষ পর্যায়ের নেতার বাড়ি ও ব্যবসাপ্রতিষ্ঠানে হামলা, ভাঙচুর, অগ্নিসংযোগ ও লুটপাটের ঘটনা ঘটেছে। তবে এসব হামলায় কতজন হতাহত হয়েছেন, সেটা নিশ্চিত হওয়া যায়নি।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৯:৩০	প্রথম আলো	




ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৩৯	<p>গভীর রাতে আ. লীগ নেতার বাড়িতে গুলি, পেট্রল ঢেলে আগুন</p> <p>গাজীপুরের শ্রীপুর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নূরে আলম মোল্লার বাড়িতে সন্ত্রাসী হামলার ঘটনা ঘটেছে। গতকাল সোমবার দিবাগত রাত তিনটার দিকে ৯ রাউন্ড গুলি ছোড়ার পর দুর্বৃত্তরা বাড়িতে পেট্রল ঢেলে আগুন ধরিয়ে দেয়।</p>	০৬ আগস্ট ২০২৪, ০৩:৩০	আমাদের সময়	
৪০	<p>কুমিল্লায় আ.লীগ নেতার বাড়িতে আগুন, ৬ মরদেহ উদ্ধার</p> <p>শেখ হাসিনার দেশত্যাগের পর কুমিল্লায় শাহ আলম নামে এক আওয়ামী লীগ নেতার বাড়িতে ব্যাপক ভাঙচুর ও অগ্নিসংযোগ করেছে উত্তেজিত জনতা। ওই বাড়িটি থেকে ছয়টি মরদেহ উদ্ধার করা হয়েছে। শাহ আলম কুমিল্লা নগরীর ৭নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি। তিনি ওই ওয়ার্ডের সাবেক কাউন্সিলর ছিলেন।</p>	০৫ আগস্ট ২০২৪, ২১:৩০	ঢাকা পোস্ট	
৪১	<p>এমপি রেজাউলের বাড়িসহ আ.লীগ নেতাদের বাড়িতে আগুন</p> <p>পিরোজপুরে সরকার দলীয় সদ্য সাবেক সংসদ সদস্য, কেন্দ্রীয় আওয়ামী লীগের সাবেক আইনবিষয়ক সম্পাদক শ ম রেজাউল করিমের বাড়িসহ আওয়ামী লীগ নেতাদের বাড়িতে বাড়িতে আগুন, ভাঙচুর ও লুটের ঘটনা ঘটেছে। শেখ হাসিনার দেশত্যাগের পর থেকে ১০ আগস্ট রাত পর্যন্ত দুর্বৃত্তরা এ ঘটনা ঘটায়।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৯:৩০	কালবেলা	
৪২	<p>পুলিশ সদর দপ্তর, বিচারপতির বাসভবনে হামলা ও ভস্মীভূত ধানমন্ডি ৩২</p> <p>প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের বাসভবনে ভাঙচুর করেছে বিক্ষোভকারীরা। সোমবার বিকাল ৫টায় বাসভবন ভাঙচুর চালানো হয় বলে জানা গেছে। প্রধান বিচারপতির বাসভবনে ভাঙচুরের পাশাপাশি বাসভবনে থাকা বিভিন্ন জিনিসপত্র লুট করা হয়।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৭:০০	sylhettoday24	 <small>সিলেটের বাসভবনকারীদের হামলা। ছবি: সিলেটটুডে</small>




ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৪৩	<p>স্বরাষ্ট্রমন্ত্রীর বাসা-একাধিক থানাসহ শতাধিক স্থাপনায় আগুন</p> <p>স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের ধানমন্ডির বাসভবনে অগ্নিসংযোগ করেছে বিক্ষুব্ধ জনতা। একই সঙ্গে একাধিক থানা ও আওয়ামী লীগ কার্যালয়সহ সারাদেশে শতাধিক স্থানে অগ্নিসংযোগের খবর পেয়েছে ফায়ার সার্ভিস।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৮:০০	jagonews24	
৪৪	<p>নওগাঁয় খাদ্যমন্ত্রীর বাড়িতে ভাঙচুর-আগুন</p> <p>সোমবার বিজয় উল্লাস করার পাশাপাশি বিক্ষোভকারীরা খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদারের বাড়িতে ভাঙচুর ও অগ্নিসংযোগ করে। এ সময় আওয়ামী লীগ কার্যালয়ের সামনে অবস্থিত সদর আসনের সংসদ সদস্য ব্যারিস্টার নিজাম উদ্দিন জলিল জনের বাসভবনসহ তার মালিকানাধীন ঠিকানা কমিউনিটি সেন্টারে থাকা বেশ কয়েকটি মোবাইলের শোরুম ভাঙচুর করা হয়।</p>	৫ আগস্ট ২০২৪, ১৮:৫৭	ঢাকা পোস্ট	
৪৫	<p>সিংড়ায় পলকের বাসায় ভাঙচুর, মালামাল লুট</p> <p>নাটোরের সিংড়ায় ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের বাসায় ভাঙচুর করে বিক্ষুব্ধ জনতা। এ সময় ওই বাসা থেকে মালামাল লুট করা হয়। সোমবার বিকেল পৌনে ৫টার দিকে এ ঘটনা ঘটে।</p>	৫ আগস্ট ২০২৪, ১৮:০০	TheDailyStar	
৪৬	<p>ভৈরবে মন্ত্রী পাপনের বাসভবনে, আওয়ামী লীগের কার্যালয়ে ভাঙচুর</p> <p>পদত্যাগী প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশ ছাড়ার খবর প্রচারের পর আজ সোমবার বিকেলে কিশোরগঞ্জের ভৈরবে যুব ও ক্রীড়ামন্ত্রী এবং বিসিবির সভাপতি নাজমুল হাসান পাপনের ভৈরবের বাসভবন, উপজেলা আওয়ামী লীগের কার্যালয়, মুক্তিযোদ্ধা চত্বর ও বঙ্গবন্ধুর ম্যুরালে ভাঙচুর চালানো হয়েছে।</p>	০৫ আগস্ট ২০২৪, ২১: ৪৯	প্রথম আলো	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৪৭	<p>ভৈরবে আওয়ামী লীগ নেতার হোটেলের আগুন, ৩ জনের লাশ উদ্ধার</p> <p>কিশোরগঞ্জের ভৈরবে আওয়ামী লীগ নেতার মালিকানাধীন হোটেল এন্ড রেস্টুরেন্টে দেওয়া আগুন দেওয়ার একদিন পর তিন জনের লাশ উদ্ধার করা হয়েছে। মঙ্গলবার দুপুরে স্থানীয় ফায়ার সার্ভিসের কর্মীরা তাদের লাশ উদ্ধার করেন।</p>	০৫ আগস্ট ২০২৪, ২০: ৪৯	বাংলাদেশ প্রতিদিন	
৪৮	<p>বরিশালে সাবেক মেয়র সাদিকের বাড়িতে আগুন, ৩ পোড়া লাশ উদ্ধার</p> <p>বরিশাল মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বরিশাল সিটি করপোরেশনের সাবেক মেয়র সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহর বাসভবনে আগুন দিয়েছেন বিক্ষুব্ধ লোকজন। পরে ওই বাড়ি থেকে তিনটি লাশ উদ্ধার করেছে ফায়ার সার্ভিস।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৯: ৪৯	প্রথম আলো	
৪৯	<p>নাটোরে সাবেক এমপি শিমুলের পুড়ে যাওয়া বাড়ি থেকে ৪ মরদেহ উদ্ধার</p> <p>নাটোর-২ (সদর-নলডাঙ্গা) আসনের সাবেক সংসদ সদস্য শফিকুল ইসলাম শিমুলের বাড়ি থেকে আগুনে পুড়ে যাওয়া চারজনের মরদেহ উদ্ধার করা হয়েছে।</p>	০৫ আগস্ট ২০২৪, ২০: ০০	TheDailyStar	
৫০	<p>চট্টগ্রামে নগর আওয়ামী লীগ কার্যালয়, মেয়র ও এমপির বাসায় আগুন</p> <p>চট্টগ্রামে দারুল ফজল মার্কেটের নগর আওয়ামী লীগের কার্যালয়ে ভাঙচুর ও আগুন দেওয়া হয়েছে। আজ সোমবার বিকেল চারটার দিকে বিজয়মিছিল থেকে গিয়ে কার্যালয়টিতে আগুন দেওয়া হয়। এ ছাড়া আওয়ামী লীগ নেতা সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর বাড়িতে ভাঙচুরের পর আগুন দেওয়া হয়েছে। একইভাবে আগুন দেওয়া হয়েছে রাউজানের সংসদ সদস্য এ বি এম ফজলে করিম চৌধুরীর বাসায়।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৮: ০০	প্রথম আলো	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৫১	<p>চট্টগ্রামে শিক্ষামন্ত্রী ও মেয়রের বাড়িতে ভাঙচুর</p> <p>এদিকে মন্ত্রীর বাড়ির সামনে দুটি গাড়িও ভাঙচুর করা হয়েছে। এর মধ্যে একটি গাড়িতে আগুনও দেওয়া হয়। বাড়ির ভেতরে বেশ কিছু ফার্নিচারও ভাঙচুর করা হয়েছে। অন্যদিকে চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র রিয়াজুল করিম</p>	০৫ আগস্ট ২০২৪, ১৮: ০০	tbsnews	
৫২	<p>সাঁথিয়ায় আওয়ামী লীগ কার্যালয়, বেড়ায় ডেপুটি স্পিকারের বাসায় অগ্নিসংযোগ</p> <p>পাবনার বেড়া ও সাঁথিয়ায় জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ও সংসদ সদস্য শামসুল হকের বাড়িতে ভাঙচুর ও অগ্নিসংযোগের খবর পাওয়া গেছে। এ ছাড়া দুই উপজেলার বেশ কিছু আওয়ামী লীগের নেতা-কর্মীর বাড়িতেও ভাঙচুর ও অগ্নিসংযোগের খবর পাওয়া গেছে।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৯: ০০	প্রথম আলো	
৫৩	<p>বাঘায় ভূমি অফিস ও আ.লীগের কার্যালয়ে আগুন</p> <p>শেখ হাসিনার দেশত্যাগ এবং সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামানের বক্তব্যের পর রাজশাহীর বাঘা ভূমি অফিস ও বাঘা উপজেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয় ভাঙচুর করে আগুন দিয়ে জ্বালিয়ে দেওয়া হয়েছে।</p>	০৫ আগস্ট ২০২৪, ২০:৫১	যুগান্তর	
৫৪	<p>কুমিল্লায় এমপি বাহারের বাড়িতে অগ্নিসংযোগ</p> <p>শেখ হাসিনার দেশত্যাগের খবরে কুমিল্লা-৬ (সদর) আসনের সংসদ সদস্য আ ক ম বাহাউদ্দীন বাহারের বাড়িতে ভাঙচুর ও অগ্নিসংযোগ করেছে উত্তেজিত জনতা। সোমবার (৫ আগস্ট) বিকেল পৌনে ৪টার দিকে কুমিল্লা নগরীর ১১ নং ওয়ার্ডের মুন্সেফবাড়ি এলাকায় সংসদ সদস্যের নিজ বাড়িতে এ হামলা চালানো হয়।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৫:৪৫	jagonews24	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৫৫	<p>কুমিল্লায় বিজয় মিছিল থেকে আওয়ামী লীগ কার্যালয়ে আগুন</p> <p>প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করে দেশ ছেড়েছেন শেখ হাসিনা। এই খুশিতে কারফিউ ভেঙে সোমবার (৫ আগস্ট) বিকেল ৩টা থেকে কুমিল্লা নগরীর কান্দিরপাড় টাউনহলের সামনে জড়ো হতে থাকে হাজারো ছাত্র-জনতা। বিকেল সোয়া ৩টার দিকে বিক্ষুব্ধ ছাত্রজনতা নগরীর রামঘাট এলাকায় কুমিল্লা মহানগর আওয়ামী লীগের ৮ তলা বিশিষ্ট অফিসে ঢুকে ভাঙচুর করে আগুন ধরিয়ে দেওয়া হয়।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৫:১৫	jagonews24	
৫৬	<p>মাগুরায় আগুনে পুড়ল সাকিবের পার্টি অফিস</p> <p>শেখ হাসিনার পদত্যাগ এবং তার দেশ ছাড়ার পরই বিক্ষুব্ধ ছাত্র-জনতা হামলা-ভাঙচুর করছেন আওয়ামী লীগের নেতা-কর্মীদের কার্যালয় ও বাসভবন। মাগুরায় সাকিবের বাসার অদূরে পার্টি অফিসে হামলার পর আগুন দেয় দুর্বৃত্তরা। এছাড়া নড়াইল-২ আসনের সংসদ সদস্য মাশরাফি বিন মর্তুজার নড়াইলের বাড়ি পুড়িয়ে দিয়েছেন বিক্ষোভকারীরা। আজ বিকেলের দিকে এ ঘটনা ঘটে।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৭:৪৫	সমকাল	
৫৭	<p>কুমিল্লায় তাজুল ও বাহারের বাড়িতে হামলা-ভাঙচুর</p> <p>‘শেখ হাসিনা পদত্যাগ করে দেশ ছেড়েছেন’ গণমাধ্যমে এমন খবর আসার পরই সোমবার দুপুর থেকে কুমিল্লা নগরীসহ জেলার বিভিন্ন উপজেলায় মিছিল নিয়ে নজিরবিহীন তাণ্ডব চালিয়েছে বিক্ষুব্ধ ছাত্র-জনতাসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ। হামলা-ভাঙচুর ও আগুন দেয়া হয়েছে লাকসামের পোমগাঁও এলাকায় স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলামের বাসভবন, নগরীর মোস্বেফবাড়ী এলাকায় সদর আসনের এমপি হাজী আক ম বাহা উদ্দিনের বাড়ি, পুলিশ লাইন্সসহ কয়েকটি থানা ও বিভিন্ন স্থাপনায়।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৬:২০	আমাদের সময়	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৫৮	<p>ফেনীতে নিজাম হাজারীর বাগান বাড়িসহ বিভিন্ন স্থানে আগুন</p> <p>শেখ হাসিনার পদত্যাগের খবরের ফেনী-২ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন হাজারীর শতকোটি টাকার বাগান বাড়ি ও পুরাতন বাড়িতে ব্যাপক ভাঙচুর ও অগ্নিসংযোগ করেছে দুর্বৃত্তরা। সোমবার (৫ আগস্ট) বিকেল ৩টার দিকে শহরের মাস্টারপাড়া এলাকায় এ হামলার ঘটনা ঘটে।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৫:০০	যমুনা টিভি	
৫৯	<p>লালমনিরহাটে তিন সংসদ সদস্যসহ শতাধিক আ.লীগ নেতার বাড়িতে আগুন</p> <p>লালমনিরহাটে তিন সংসদ সদস্যসহ শতাধিক আওয়ামী লীগ নেতার বাড়িতে ভাঙচুর ও আগুন দেয়ার ঘটনা ঘটেছে। জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক সুমন খানের বাসা থেকে অজ্ঞাত ছয়জনের দল মরদেহ উদ্ধার করেছে ফায়ার সার্ভিস। সোমবার দিবাগত রাত সাড়ে ৪টার দিকে ফায়ার সার্ভিসের একটি দল বাসার চার তলা থেকে মরদেহগুলো উদ্ধার করে।</p>	০৫ আগস্ট ২০২৪, ২৩:০০	নয়া শতাব্দী	
৬০	<p>যশোরে শাহীন চাকলাদারের হোটেলের অগ্নিকাণ্ডে মৃত বেড়ে ২৪</p> <p>যশোর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহীন চাকলাদারের মালিকানাধীন পাঁচ তারকা হোটেল জাবির ইন্টারন্যাশনালে অগ্নিসংযোগের ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে ২৪ জনে দাঁড়িয়েছে। অগ্নিদগ্ধ ২৩ জনকে উদ্ধার করে ঢাকার শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে পাঠানো হয়েছে।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৫:০০	প্রথম আলো	 <small>ঢাকা: শেখ হাসিনার পদত্যাগের খবর জানার পরে যশোরের পাঁচ তারকা হোটেল জাবির ইন্টারন্যাশনালে আগুন লাগে।</small>

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৬১	<p>বাউফলে গণপিটুনিতে যুবলীগ কর্মী নিহত, আলীগ কার্যালয়ে আগুন</p> <p>পটুয়াখালীর বাউফলে আন্দোলনকারীদের সঙ্গে সংঘর্ষে মনিরুল ইসলাম শাহীন (৪২) নামে এক যুবলীগ কর্মী নিহত হয়েছে। তিনি মদনপুরা ইউনিয়ন যুবলীগের একজন কর্মী ছিলেন। সোমবার (৫ আগস্ট) সন্ধ্যা ৬টার দিকে উপজেলার মদনপুরা এলাকায় এ ঘটনা ঘটে। শাহীনের বোন জায়েদা বেগম বিষয়টি নিশ্চিত করেছেন।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৭:৪৫	ঢাকা পোস্ট	
৬২	<p>খুলনায় বিক্ষুব্ধদের হামলায় উপজেলা পরিষদের চেয়ারম্যানসহ নিহত ৩</p> <p>খুলনার কয়রায় বিক্ষুব্ধ আন্দোলনকারীদের পিটুনিতে কয়রা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি জি এম মহসিন রেজাসহ তিন জন নিহত হয়েছেন। নিহত অপর দুজন হলেন জি এম মহসিন রেজার গাড়িচালক আলমগীর হোসেন ও ব্যক্তিগত সহকারী মফিজুল ইসলাম। সোমবার (৫ আগস্ট) বিকাল ৩টার দিকে এ ঘটনা ঘটে।</p>	৫ আগস্ট ২০২৪, ১৫:০০	বাংলা ট্রিবিউন	
৬৩	<p>চুয়াডাঙ্গায় যুবলীগ নেতার বাড়িতে আগুন, নিহত ৪</p> <p>চুয়াডাঙ্গার সিনেমা হল পাড়ার জেলা যুবলীগের সাবেক আহ্বায়ক আরেফিন আলম রঞ্জুর বাড়িতে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। এ ঘটনায় চারজন পুড়ে মারা গেছেন। তারা চারজনই পুরুষ। তবে তাদের পরিচয় এখনো জানা যায়নি। এ ছাড়া জেলা আওয়ামী লীগের কার্যালয় ও দলীয় বেশ কয়েকজন নেতার বাড়ি আগুন দিয়ে পুড়িয়ে দেওয়া হয়েছে।</p>	০৫ আগস্ট, ২০২৪ ২১:৩৬	কালের কণ্ঠ	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৬৪	<p>রাজশাহীতে বঙ্গবন্ধুর ম্যুরাল, আ.লীগ নেতাদের ঘরবাড়ি, পুলিশের স্থাপনায় আগুন-ভাঙচুর</p> <p>শেখ হাসিনা প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করে দেশ ছাড়ার খবর ছড়িয়ে পড়লে রাজশাহীতে গুরু হয় বিজয় মিছিল। এ সময় উৎসুক জনতা আগুন ধরিয়ে দেয় আওয়ামী লীগ নেতাদের বিভিন্ন স্থাপনায়। ভাঙচুর করা হয়েছে বঙ্গবন্ধুর ম্যুরালসহ বিভিন্ন সরকারি-বেসরকারি স্থাপনা। আজ সোমবার দুপুরের পর থেকে সন্ধ্যা পর্যন্ত জেলায় এসব ঘটনা ঘটে।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৭:০৬	আজকের পত্রিকা	 <p>নেত্রালের মতলুজি ও পুলিশের স্থাপনায় আগুন-ভাঙচুর। ছবি: দ</p>
৬৫	<p>মেহেরপুরে দুর্ভুন্দের তাণ্ডব, ব্যাপক ভাঙচুর ও অগ্নিসংযোগ</p> <p>মেহেরপুরে বিজয় উল্লাস করেছে সকল শ্রেণিপেশার মানুষ। এ সময় মিছিল থেকে দুর্ভুন্দেরা বিভিন্ন সরকারি-বেসরকারি অফিসে হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগ করে।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৭:০৬	কালবেলা	 <p>দুর্ভুন্দের সেকা মডেল পুত্র দ্বারা একটি বাড়ি। ছবি: কালবেলা</p>
৬৬	<p>ময়মনসিংহে এমপি ও আ.লীগ নেতাদের বাসভবন ভাঙচুর-আগুন</p> <p>শেখ হাসিনা প্রধানমন্ত্রী থেকে পদত্যাগ করে দেশত্যাগের পর থেকেই সোমবার বিক্ষুব্ধরা নগরীর পন্ডিতপাড়া এলাকায় সাবেক গণপূর্ত প্রতিমন্ত্রী ও ময়মনসিংহ-২ (ফুলপুর-তারাকান্দা) আসনের সংসদ সদস্য শরীফ আহমেদের বাস ভবন ও সদর আসনের সংসদ সদস্য মোহিত উর রহমান শান্তর বাস ভবনে ভাঙচুর ও অগ্নিসংযোগ করে।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৯:০৬	যুগান্তর	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৬৭	<p>বরিশাল আওয়ামী লীগ কার্যালয়ে আগুন</p> <p>বরিশাল মহানগরের ২২ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের কার্যালয় ভাঙচুর করেছেন আন্দোলনকারীরা। এ সময় কার্যালয়ের ভেতরে থাকা আসবাবপত্র ভাঙচুর করে সড়কের ওপর এনে আগুন ধরিয়ে দেয় হামলাকারীরা।</p>	০৫ আগস্ট ২০২৪, ২০:০৬	বরিশাল নিউজ	
৬৮	<p>মন্ত্রী এমপি নেতার বাড়ি, আওয়ামী লীগ অফিসে হামলা-আগুন</p> <p>বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ঢাকা অসহযোগ আন্দোলন কেন্দ্র করে গতকাল ঢাকাসহ সারা দেশে ব্যাপক হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। সন্ত্রাসী হামলা থেকে বাদ যায়নি মন্ত্রী, এমপিদের বাড়িসহ বিভিন্ন সরকারি-বেসরকারি স্থাপনা। সরকারি অফিস, পৌরসভা কার্যালয়, থানা ও পুলিশ বক্সে আগুন দেন বিক্ষোভকারীরা।</p>	৫ আগস্ট, ২০২৪ ১৪:৪৯	বাংলাদেশ প্রতিদিন	
৬৯	<p>রাঙামাটিতে আ. লীগ অফিসে আগুন, জেলা পরিষদে ভাঙচুর</p> <p>শেখ হাসিনা সরকারের পদত্যাগ করে দেশে ছাড়ার পর সোমবার (৫ আগস্ট) সন্ধ্যায় রাঙামাটি জেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয় আগুনে পুড়িয়ে দিয়েছে একদল দুর্বৃত্ত। এরপর রাঙামাটি পার্বত্য জেলা পরিষদে ভাঙচুর চালায় তারা। এদিকে জেলা শহরের বনরূপা এলাকার পুলিশ চেকবক্স ভাঙচুর চালানো হয়। তবে সেই সময় পুলিশ সদস্যরা সেখানে উপস্থিত ছিল না।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৯:০৬	bang- lanews24	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৭০	<p>বান্দরবান আওয়ামী লীগ কার্যালয়ে আগুন, সাবেক মন্ত্রীর বাড়িঘর ভাঙচুর</p> <p>শেখ হাসিনার পদত্যাগ ও দেশ ছাড়ার খবরে বান্দরবানে আনন্দ মিছিল করা হয়েছে। মিছিল শেষে জেলা আওয়ামী লীগ কার্যালয়ে অগ্নিসংযোগ ও সাবেক পার্বত্যবিষয়ক মন্ত্রী বীর বাহাদুর উশৈ শিংয়ের বাড়িঘর ভাঙচুর করেছে বিক্ষুব্ধ জনতা।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৬:০০	jagonews24	 <p>নেত্রালের মতবন্ধি ও পুলিশের হাসপাতালে আতঙ্ক-ভাঙচুর। ছবি: প</p>
৭১	<p>ভান্ডারিয়ায় এমপি ও উপজেলা চেয়ারম্যানের বাড়িতে ভাঙচুর, অগ্নিসংযোগ</p> <p>পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলার চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মিরাজুল ইসলাম ও তার বড় ভাই পিরোজপুর-২ আসনের স্বতন্ত্র এমপি মহিউদ্দিন মহারাজের বাড়ি, গোড়াউন ও অফিসে আগুন দেওয়ার ঘটনা ঘটে।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৭:০০	ইত্তেফাক	 <p>কামালি উপজেলা চেয়ারম্যান মিরাজুল ইসলামের বাড়িতে আগুন দেওয়া হলো। ছবি: ইত্তেফাক</p> <p>পিরোজপুর-২ আসনের স্বতন্ত্র এমপি মহিউদ্দিন মহারাজের বাড়ি ও অফিসে আগুন দেওয়ার ঘটনা ঘটে।</p>
৭২	<p>সাভারে আওয়ামী লীগ নেতাদের অফিস-বাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠান ভাঙচুর করে লুট</p> <p>বৈষম্য বিরোধী ছাত্রদের অসহযোগ আন্দোলনে ছাত্রজনতার অবিস্মরণীয় অভ্যুত্থানের মুখে গত ৫ আগস্ট পদত্যাগ করে দেশ ছেড়ে পালান আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনা। তার এভাবে চলে যাওয়ায় দিশেহারা হয়ে আত্মগোপনে চলে যান আওয়ামী লীগের নেতাকর্মীরা। এর কিছুক্ষণ পরই আওয়ামী লীগ নেতাদের বাড়িতে হামলা চালিয়ে ভাঙচুর, লুট ও আগুন দেওয়ার ঘটনা শুরু হয় দেশব্যাপী।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৬:০০	Ajker basundhara	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৭৩	<p>বগুড়ায় থানায় হামলা, আওয়ামী লীগ কার্যালয়ে আগুন</p> <p>প্রধানমন্ত্রীর পদ থেকে শেখ হাসিনার পদত্যাগ ও দেশ ছেড়ে যাওয়ার খবর ছড়িয়ে পড়ার পর বগুড়া সদর থানায় হামলা হয়েছে। অগ্নিসংযোগ করা হয়েছে বগুড়া সদর ফাঁড়িতে। লুটপাট করা হয়েছে পুলিশ প্লাজার বিভিন্ন দোকানপাট। ভাঙচুর ও অগ্নিসংযোগ করা হয়েছে জেলা আওয়ামীগ কার্যালয় ও দলটির নেতাদের বাড়িতে।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৬:১৫	প্রথম আলো	
৭৪	<p>চুয়াডাঙ্গায় আওয়ামী লীগ অফিসে ভাঙচুর-আগুন, নিহত ৪</p> <p>শেখ হাসিনার পদত্যাগের পর চুয়াডাঙ্গায় বিজয় উল্লাস করেছেন ছাত্র-জনতা। এর সঙ্গে যোগ দেন বিএনপি ও ইসলামী শাসনতন্ত্র আন্দোলনের নেতাকর্মীরাও। সোমবার (৫ আগস্ট) দুপুর থেকে জেলার বিভিন্ন প্রান্ত থেকে মিছিল বের হয়। আনন্দ উল্লাস প্রকাশ করেন তারা। এর পাশাপাশি হামলা ও অগ্নিসংযোগ চালায় দুর্বৃত্তরা। এতে চারজন নিহত হওয়ার খবর পাওয়া গেছে।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৫:১০	banglanews24	
৭৫	<p>আওয়ামী লীগের সভাপতির অফিসে আগুন, ভাঙচুর</p>	০৫ আগস্ট ২০২৪, ১৮:০০	Kalbela	
৭৬	<p>নেত্রকোনায় আওয়ামী লীগ কার্যালয়সহ নেতার বাড়ি ভাঙচুর</p> <p>নেত্রকোনা গত ২৪ ঘণ্টায় জেলা আওয়ামী লীগের কার্যালয়সহ সাধারণ সম্পাদক শামছুর রহমান ভিপি লিটনের বাসা ভাঙচুর করেছে দুর্বৃত্তরা। সেইসাথে ক্ষমতাসীন অনেকের ব্যক্তিগত চেম্বারসহ প্রতিষ্ঠান ভাঙচুর করে তারা।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৫:০০	বাংলাদেশ প্রতিদিন	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৭৭	<p>রাজশাহীতে নগর ভবনসহ বিভিন্ন স্থাপনায় আগুন</p> <p>প্রধানমন্ত্রীর পদ থেকে শেখ হাসিনা ইস্তফা দিয়ে দেশত্যাগের পর রাজশাহীর বিভিন্ন স্থানে বিজয় মিছিল ও আনন্দ উল্লাস করা হয়েছে। এ ছাড়া রাজশাহী সিটি করপোরেশন (রাসিক) ভবন, রাজশাহী মহানগর পুলিশের (আরএমপি) হেডকোয়ার্টার, আওয়ামী লীগের দলীয় কার্যালয়, রাজশাহী সিটি করপোরেশনের মেয়রের বাসভবনসহ বিভিন্ন স্থাপনায় ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। সোমবার (৫ আগস্ট) দুর্বৃত্তরা রাজশাহী সিটি করপোরেশনের আসবাবপত্রসহ বিভিন্ন মালামাল লুট করে নিয়ে যায়।</p>	০৫ আগস্ট ২০২৪, ১৫:০০	Kalbela	
৭৮	<p>সোনারগাঁয় আ.লীগ নেতাদের বাড়িতে হামলা-ভাঙচুর, শ্রমিক লীগ নেতার ইন্ধনের অভিযোগ</p> <p>নারায়ণগঞ্জের সোনারগাঁয় আওয়ামী লীগের ১৬ নেতা-কর্মীর বাড়িতে হামলা, ভাঙচুর ও লুটপাট চালানো হয়েছে। গতকাল বুধবার রাতে উপজেলার বারদী ইউনিয়নের নুনেরটেক এলাকায় এ হামলা-ভাঙচুরের ঘটনায় অন্তত পাঁচজন আহত হয়েছেন। ব্যক্তিগত শত্রুতা কাজে লাগিয়ে শ্রমিক লীগ নেতার ইন্ধনে এই হামলা চালানো হয় বলে অভিযোগ উঠেছে।</p>	০৮ আগস্ট ২০২৪, ১৫:০০	আজকের পত্রিকা	
৭৯	<p>বরগুনায় আওয়ামী লীগ নেতাদের বাড়িতে হামলা-ভাঙচুর-অগ্নিসংযোগ</p> <p>বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আওয়ামী লীগ সরকারের ক্ষমতাচ্যুতির পর প্রশাসনের নিষ্ক্রিয়তার সুযোগে বরগুনায় শুরু হয়েছে ব্যাপক ভাঙচুর ও অগ্নি সংযোগের ঘটনা। পাশাপাশি, আওয়ামী লীগের নেতাকর্মীদের ওপর ব্যাপকভাবে শুরু হয়েছে হামলা ও নির্যাতন। এসব কাণ্ডে অভিযোগের আঙুল উঠেছে বিএনপি ও জামায়াতের নেতাকর্মীদের বিরুদ্ধে।</p>	০৮ আগস্ট ২০২৪, ১২:১৬	Daily messenger	

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	উৎস	ছবি
৮০	<p>কালীগঞ্জে যুবলীগ নেতার বাড়ি ভাঙচুর, হামলার ঘটনা সহ একাধিক ঘটনায় সেনা ক্যাম্পে অভিযোগের পাহাড়</p> <p>বলীগ নেতা ও সাবেক ইউপি সদস্য সিদ্দিকুর রহমানে বাড়িতে রাতের আঁধারে দুর্বৃত্তদের হামলা লুটপাট, বোমা বিস্ফোরণ ও অগ্নি সংযোগের ঘটনা সহ উপজেলা জুড়ে আওয়ামী লীগ নেতাকর্মী সমর্থক সহ হিন্দুদের বাড়ি, দোকানে হামলা, লুটপাট, ভাঙচুর জমি দখলসহ নানান ঘটনায় সাতক্ষীরার কালীগঞ্জ উপজেলার পাওখালি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে অবস্থিত সেনা ক্যাম্পে অভিযোগের পাহাড় জমা হয়েছে।</p>	১১ আগস্ট ২০২৪, ১৫:০০	Dainik satkhira	
৮১	<p>সিরাজদিখানে আ.লীগ নেতার বাড়িতে হামলা-ভাঙচুর</p> <p>শেখ হাসিনার পদত্যাগের পর ভাঙচুর ও লুটপাট করা হয়েছে মুন্সীগঞ্জের সিরাজদিখানের লতন্দী ইউনিয়নের ৪নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি নাছির আকন্দের বাড়িতে। পাশাপাশি আ.লীগ নেতাদের ও বীর মুক্তিযোদ্ধাদের বাড়িতে হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটেছে।</p>	১১ আগস্ট ২০২৪, ১২:০০ এএম	যুগান্তর	

টাইমলাইন রিপোর্ট

(১ লা থেকে ১০ই আগস্ট ২০২৪)